# NTRCA লেকচার শিট
# বাংলা ভাষা ও সাহিত্য

## লেকচার ০৯

**লেকচার টপিক**

- বানান শুদ্ধিকরণ
- বাক্য শুদ্ধিকরণ
- বাক্য ও বাক্য রূপান্তর
- পারিভাষিক শব্দ
- অনুবাদ
- যতি বা ছেদচিহ্ন

## বানান শুদ্ধিকরণ

১৯৩৬ সালে কলকাতা বিশ্ববিদ্যালয় প্রথম বাংলা বানানের নিয়ম প্রণয়ন করে। ১৯৮৮ সালে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড 'পাঠ্য বইয়ের বানান' প্রবর্তন করে। বিশ্বভারতী, কলকাতা বিশ্ববিদ্যালয়, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড ইত্যাদি প্রতিষ্ঠানের অনুসৃত বাংলা বানানের নিয়মের আলোকে ১৯৯২ সালে বাংলা একাডেমি 'প্রমিত বাংলা বানানের নিয়ম' প্রণয়ন করে।

◆ বাংলা একাডেমির 'প্রমিত বাংলা বানানের নিয়ম' ভাবনা-কেন্দ্রে রেখে বাংলা বানানের প্রধান নিয়মগুলো সংক্ষেপে আলোচনা করা হলো:

➢ **ই-কার যুক্ত শব্দ:** শব্দের শেষে জগৎ, বাচক, বিদ্যা, সভা, ত্ব, তা, নী, ণী, পরিষদ, তত্ত্ব ইত্যাদি থাকলে তার পূর্বে ঈ-কার না হয়ে সাধারণত ই-কার হয়। যেমন:

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| অগ্নিবীণা | প্রাণিবিদ্যা | প্রতিদ্বন্দ্বিতা | সহযোগিতা | অধিকারিণী | প্রাণিবাচক | ভবিষ্যদ্বাণী | সহপাঠিনী |
| তপস্বিনী | প্রতিযোগিতা | মন্ত্রিপরিষদ | স্থায়িত্ব | প্রণয়িনী | প্রতিযোগিতা | টিপ্পনী | |

◆ **ঈ-কার যুক্ত শব্দ:**

**পুংলিঙ্গ শব্দ:** গুণী, সুখী, মেধাবী, বাগ্মী, কর্মী, জয়ী, শ্রমী ইত্যাদি।

**স্ত্রীলিঙ্গ শব্দ:** যামিনী, সখী, ব্যাঘ্রী, নদী, তরী, রজনী, ইন্দ্রাণী ইত্যাদি।

➢ **ঈ-কার যুক্ত বিবিধ শব্দ:**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| উদীচী | পিপীলিকা | উন্মীলিত | কৃষিজীবী | গরীয়সী | জিজীবিষা | দধীচি | নিমীলিত |
| উদীয়মান | বুদ্ধিজীবী | উন্মীলন | ক্ষীণজীবী | গীতাঞ্জলি | ব্যতীত | নিশীথিনী | নিপীড়িত |

◆ **উ বা ঊ-কার যুক্ত স্ত্রীবাচক শব্দ:** বধূ, শ্বশ্রূ ইত্যাদি।

➢ **ঊ-কার যুক্ত বিবিধ শব্দ:**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| অনসূয়া | ঊর্মিলা | ঘূর্ণন | তাম্রকূট | দূষক | প্রতিভূ | নূতন | ভূত |
| ঊর্ণনাভ | ঊর্ধ্বতন | ঘূর্ণমান | ঘূর্ণায়মান | দূষণীয় | বিদূষক | ন্যূনতম | মুমূর্ষু |

◆ **অদ্ভুত, ভুতুড়ে ছাড়া সব ভূত ঊ-কার হবে।** যেমন: উদ্ভূত, পরাভূত, দূরীভূত, কিম্ভূত, অভূতপূর্ব প্রভৃতি।

➢ **চন্দ্রবিন্দু-যুক্ত শব্দ:** মূল শব্দে ঙ, ঞ, ণ, ন, ম থাকলে তার পূর্বস্বরে চন্দ্রবিন্দু যুক্ত হয়। যেমন:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| আঁধার | ছোঁয়া | দাঁড়ি | বাঁশ | কাঁটা (কণ্টক) | দাঁত |
| আঁক (অঙ্ক) | ধাঁধা | শাঁখ | ছোঁয়াচে | বাঁকা | হাঁস |

◆ **ড়- যুক্ত শব্দ:** আগড়, কড়াই, কড়া, পড়া (পঠ), পাহাড়, বড়, বুড়া প্রভৃতি।

➢ **ব-ফলা যুক্ত কয়েকটি শব্দ।** যেমন:

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| উচ্ছ্বাস | বন্ধুত্ব | শ্বাস | স্বচ্ছ | বিশ্বস্ত | পক্ব | স্বাদ | সান্ত্বনা |
| উজ্জ্বল | প্রজ্বলিত | শ্বশ্রূ | স্বাচ্ছন্দ্য | বিশ্বাস | মহত্ত্ব | স্বত্ব | স্বায়ত্ত |

◆ **বিস্ময়সূচক অব্যয় (যেমন: বাঃ / ছিঃ / উঃ ইত্যাদি) ছাড়া শব্দের শেষে বিসর্গ (ঃ) থাকবে না।** যেমন:

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|---|---|---|---|
| প্রধানতঃ | প্রধানত | বস্তুতঃ | বস্তুত | প্রায়শঃ | প্রায়শ | কার্যতঃ | কার্যত |

➢ **বিসর্গ (ঃ) যুক্ত শুদ্ধ শব্দ:**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| অতঃপর | দুঃসময় | দুঃস্বপ্ন | মনঃকষ্ট | শিরঃপীড়া | স্বতঃস্ফূর্ত | দুঃশাসন | দুঃসাধ্য |
| ইতঃপূর্বে | দুঃসহ | নিঃসন্দেহ | মনঃক্ষুণ্ণ | | | | |

◆ **যেকোনো দেশ, ভাষা ও জাতির নাম লিখতে ই-কার ( ি) হবে।** যেমন:

**দেশ** : আমেরিকা, গ্রিস, জার্মানি, ইতালি, হাঙ্গেরি ইত্যাদি।

**ভাষা** : আরবি, হিন্দি, ফারসি, ইংরেজি, গ্রিক ইত্যাদি।

**জাতি** : বাঙালি, পর্তুগিজ, তুর্কি, বিহারি, ইরানি, আফগানি ইত্যাদি।

◆ **অপ্রাণিবাচক শব্দ ও ইতর প্রাণিবাচক অ-তৎসম শব্দের শেষে ই-কার ( ি) হবে।**

**অপ্রাণিবাচক শব্দ :** বাড়ি, গাড়ি, শাড়ি, চাবি ইত্যাদি।

**ইতর প্রাণিবাচক শব্দ:** পাখি, হাতি, মুরগি, চড়ুই ইত্যাদি।

**তৎসম স্ত্রীবাচক শব্দের শেষে সর্বদা ঈ-কার হবে।** যেমন: জননী, স্ত্রী, নারী, সাধ্বী ইত্যাদি।

➢ **বিদেশি শব্দের বানানে ষ, ণ, ছ, ঢ়, ড়- এই পাঁচটি বর্ণ ব্যবহার করা যাবে না (ব্যতিক্রম- খ্রিষ্টাব্দ)।** যেমন:

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|---|---|---|---|
| ইছলাম | ইসলাম | ব্যারিষ্টার | ব্যারিস্টার | ছালাম | সালাম | ষ্টেশন | স্টেশন |
| কর্ণেল | কর্নেল | বামুণ | বামুন | পোষ্ট | পোস্ট | ষ্টুডিও | স্টুডিও |

➢ **বাংলা বানান রীতি অনুযায়ী একই শব্দের দুটি বানানই শুদ্ধ।** যেমন:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| অন্তরীক্ষ-অন্তরিক্ষ | কুমির-কুমীর | নিমিষ-নিমেষ | মসুর-মসূর | কিশলয়-কিসলয় | দিঘি-দীঘি |
| অন্তঃস্থ-অন্তস্থ | গাড়ি-গাড়ী | প্রতিকার-প্রতীকার | রজনি-রজনী | কলস-কলশ | দাদি-দাদী |

➢ **স্ক/ষ্ক সংক্রান্ত সমস্যা:**

ক. ই/উ যুক্ত বিসর্গ (ঃ) এর পর ক, খ, প, ফ থাকলে সাধারণত 'ষ' হবে। যেমন:আবিষ্কার, পরিষ্কার, দুষ্কর, দুষ্কার্য, নিষ্কলঙ্ক, জ্যোতিষ্ক প্রভৃতি।

খ. অ-যুক্ত বা মুক্ত বর্ণের পরে সাধারণত 'স' হবে। যেমন: নমস্কার, তিরস্কার, কুসংস্কার।

➢ **আলি প্রত্যয়যুক্ত শব্দে সর্বদা ই-কার হবে।** যেমন:

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| খেয়ালী | খেয়ালি | মিতালী | মিতালি |
| গীতালী | গীতালি | রূপালী | রূপালি |

➢ **রেফ পরে ব্যঞ্জনবর্ণে দ্বিত্ব হবে না।** যেমন:

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| কার্ত্তিক | কার্তিক | নির্দ্দিষ্ট | নির্দিষ্ট |
| ধর্ম্মসভা | ধর্মসভা | মাধুর্য্য | মাধুর্য |

➢ **লিঙ্গ-ঘটিত অশুদ্ধি:**

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|---|---|---|---|
| অধীনী | অধীনা | দিগম্বরী | দিগম্বরা | চাতকিনী | চাতকী | বৈবাহিকা | বৈবাহিকী |
| অনাথিনী | অনাথা | নিরাপরাধিনী | নিরাপরাধা | চতুর্থা | চতুর্থী (কন্যা) | বিহঙ্গিনী | বিহঙ্গী |
| অভাগিনী | অভাগা | নির্দোষিনী | নির্দোষা | ভুজঙ্গিনী | ভুজঙ্গা | | |

➢ **সন্ধি-ঘটিত অশুদ্ধি:**

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|---|---|---|---|
| অধঃগতি | অধোগতি | ব্যাবধান | ব্যবধান | জগচন্দ্র | জগৎচন্দ্র | মনযোগ | মনোযোগ |
| অদ্যপি | অদ্যাপি | ব্যপার | ব্যাপার | বাগেশ্বরী | বাগীশ্বরী | শিরোপীড়া | শিরঃপীড়া |
| উপরোক্ত | উপর্যুক্ত | লজ্জাস্কর | লজ্জাকর | মৃত্যোত্তীর্ণ | মৃত্যুত্তীর্ণ | যশলাভ | যশোলাভ |

➢ **প্রত্যয়-ঘটিত অশুদ্ধি:**

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|---|---|---|---|
| আলসতা | আলস্য | ভাগ্যমান | ভাগ্যবান | নিন্দুক | নিন্দক | সৌজন্যতা | সৌজন্য |
| ঐক্যতা | ঐক্য/একতা | মহিমাময় | মহিমময় | পরিত্যাজ্য | পরিত্যাজ্য | দোষণীয় | দূষণীয় |

➤ **বচন-ঘটিত অশুদ্ধি: একই সাথে দুবার বহুবচন বাচক প্রত্যয় বা শব্দ ব্যবহৃত হয় না। যেমন:**

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| সকল শিক্ষকগণ | সকল শিক্ষক / শিক্ষকগণ | যাবতীয় লোকসমূহ | যাবতীয় লোক |
| সকল পরীক্ষকগণ | সকল পরীক্ষক / পরীক্ষকগণ | যাবতীয় ভদ্রমহোদয়গণ | যাবতীয় ভদ্রমহোদয়/ভদ্রমহোদয়গণ |

➤ **অর্থ ও রীতি-ঘটিত অশুদ্ধি:**

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|---|---|---|---|
| অন্নকাপড় | অন্নবস্ত্র | অশ্রুজল | অশ্রু/নেত্রজল | যদ্যাপিও | যদ্যপি | প্রবীণ বৃক্ষ | প্রাচীনবৃক্ষ |
| মড়াদাহ | শবদাহ | তথাপিও | তথাপি | আপ্রাণ | প্রাণপণ | কৌমারাবস্থ | কৌমার/কুমারাবস্থা |

➤ **সংযুক্ত-বর্ণঘটিত ভুল:**

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|---|---|---|---|
| আহ্ণিক | আহ্নিক | ব্রাক্ষণ | ব্রাহ্মণ | পূর্বাহ্ন | পূর্বাহ্ণ | যক্ষা | যক্ষ্মা |
| মধ্যাহ্ণ | মধ্যাহ্ন | ত্রূটি | ত্রুটি | অপরাহ্ন | অপরাহ্ণ | শত্রূ | শত্রু |

➤ **সমাস-ঘটিত অশুদ্ধি:**

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|---|---|---|---|
| আকণ্ঠ পর্যন্ত | আকণ্ঠ | মৃগনয়ণী | মৃগনয়না | কালীদাস | কালিদাস | সানন্দিত | আনন্দিত |
| নিষ্পাপী | নিষ্পাপ | শ্বেতাঙ্গিনী | শ্বেতাঙ্গী/শ্বেতাঙ্গা | যোগীবৃন্দ | যোগিবৃন্দ | নিরপরাধী | নিরপরাধ |

➤ **বিবিধ শুদ্ধ শব্দ:**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| অধ্যবসায় | গার্হস্থ্য | পল্বল | যশস্বিনী /যশস্বতী | আভ্যন্তর | জ্যোৎস্না | ব্যাকুল | সমিতি |
| অমাবস্যা | গর্দভ | পরিপক্ব | সত্তা | আকাঙ্ক্ষা | যাচ্ঞা | ব্যাধি | সস্ত্রীক |
| অধোগতি | গ্রীষ্ম | পরিত্রাণ | রুগ্ণ | আয়ত্ত | জ্বালাময়ী | বৈশিষ্ট্য | গলাধঃকরণ |
| অতিথি | গোধূলি | পোশাক | বিভীষিকা | আবির্ভাব | ত্রস্ত | বিদূষী | সামর্থ্য |
| অন্তর্ভুক্ত | ঘনিষ্ঠ | মনোমুগ্ধকর | লক্ষ্মী | আদ্যাক্ষর | তিতিক্ষা | বৃশ্চিক | সদ্যোজাত |

## এক কথায় প্রশ্নোত্তর

**১. প্রমিত বাংলা বানান নিয়ম কে চালু করে?**

উত্তর: বাংলা একাডেমি।

**২. বাংলা একাডেমি কত সালে প্রমিত বাংলা বানান প্রণয়ন করে?**

উত্তর: ১৯৯২ সালে।

**৩. জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কত সালে বানান খসড়া প্রস্তুত করে?**

উত্তর: ১৯৮৮ সালে।

**৪. শব্দের শেষে ত্ব/তা/নী/ণী/তত্ত্ব থাকলে পূর্বে 'ঈ'-কার কী হবে?**

উত্তর: 'ই'-কার।

**৫. 'শেষে জগৎ, বাচক, বিদ্যা, সভা, পরিষদ প্রভৃতি পূর্বের ঈ-কার 'ই'-কার হবে'- এ ধরনের উদাহরণ-**

উত্তর: প্রাণিবিদ্যা, মন্ত্রিপরিষদ, প্রাণিবাচক প্রভৃতি।

**৬. অপ্রাণিবাচক শব্দ ও ইতর প্রাণিবাচক অ-তৎসম শব্দের শেষে কী বসে?**

উত্তর: 'ই' (ি)- কার হবে।

**৭. তৎসম স্ত্রীবাচক শব্দের শেষে সর্বদা কী বসে?**

উত্তর: 'ঈ' কার হবে।

**৮. বিদেশি শব্দের বানানে ব্যবহৃত হয় না কোন বর্ণগুলো?**

উত্তর: ষ, ণ, ছ, ঢ়, ড়- এ পাঁচটি বর্ণ।

**৯. দেশ, ভাষা ও জাতির নাম লিখতে কী ব্যবহার হবে?**

উত্তর: 'ই'-কার।

**১০. 'আলি' প্রত্যয়যুক্ত শব্দে সর্বদা কী হবে?**

উত্তর: 'ই' কার হবে।

**১১. 'অপ্রাণিবাচক শব্দ ও ইতর প্রাণিবাচক অ-তৎসম শব্দের শেষে 'ই'-কার (ি) হবে'- এ ধরনের উদাহরণ কোনগুলো?**

উত্তর: বাড়ি, গাড়ি, হাতি, চড়ুই, পাখি ইত্যাদি।

## Teacher's Work

১. **কোন বানানটি শুদ্ধ?** [১৮ তম শিক্ষক নিবন্ধন(স্কুল পর্যায়)-২০২৪]
ক শ্রদ্ধাঞ্জলী খ দারিদ্র্যতা গ বৈশিষ্ট ঘ উপর্যুক্ত

২. **কোন বানানটি শুদ্ধ?** [১৮ তম শিক্ষক নিবন্ধন(স্কুল পর্যায়-২)-২০২৪]
ক আশীষ খ শিরচ্ছেদ গ দ্বন্দ ঘ মুমুর্ষু

৩. **কোনটি শুদ্ধ বানান?** [১২তম বেসরকারি শিক্ষক নিবন্ধন : ১৫]
ক অদ্যপি খ অদ্যাপি গ অদ্যপী ঘ অদ্যাপী

৪. **নিচের কোন শব্দটি শুদ্ধ?** [১২তম বেসরকারি প্রভাষক নিবন্ধন : ১৫]
ক উৎকর্ষতা, আত্মসাৎ, আদ্র খ অভ্যন্তরীণ, আয়ত্বধীন, অতীন্দ্রিয়
গ কৌতূহল, কৃচ্ছ্রসাধন, ক্বচিৎ ঘ অনুসঙ্গ, অঙ্গীভুত, অলজ্ঘনীয়

৫. **শুদ্ধ বানান কোনটি?** [১৫তম শিক্ষক নিবন্ধন (স্কুল) : ১৯]
ক ষ্টেশন খ রুগ্ণ গ বিপ্রকর্স ঘ সাধারন

৬. **শুদ্ধ বানান গুচ্ছ নির্ণয় করুন–** [৭ম বেসরকারি প্রভাষক নিবন্ধণ : ১১]
ক শষ্য, ভুবন, শ্রদ্ধাঞ্জলি খ সমীচীন, সুষ্ঠ, সাক্ষরতা গ আকাঙ্ক্ষা, গ্রামীণ, দারিদ্র্য ঘ মুখস্থ, মন্ত্রীসভা, ব্রাক্ষন

৭. **কোনটি শুদ্ধ বানান?** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (সহকারী এনফোর্সমেন্ট কো-অর্ডিনেটর) – ২০২৪; ৯ম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)- ১৩]
ক নুনতম খ ন্যুনতম গ ন্যূনতম ঘ নূন্যতম

৮. **শুদ্ধ বানান কোনটি?** [১০ম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১৪]
ক অপরাহ্ন খ অপরাহ্ণ গ অপরাণ্য ঘ অপরান্য

## বাক্য শুদ্ধিকরণ

### বাক্যে কী কী কারণে অশুদ্ধি হতে পারে তা নিম্নরূপ:

➢ সাধু ও চলিত রীতির মিশ্রণজনিত ভুল বা অশুদ্ধি: 'জানিবার ও বুঝিবার প্রবৃত্তি মানুষের মন থেকে যেদিন চলিয়া যাবে সেদিন মানুষ আবার পশুত্ব লাভ করবে।' এ বাক্যটিতে সাধু ও চলিত ভাষার মিশ্রণের ফলে তা গুরুচণ্ডালী দোষে দুষ্ট।
**সাধু (শুদ্ধ) রূপ:** জানিবার ও বুঝিবার প্রবৃত্তি মানুষের মন হইতে যেই দিন চলিয়া যাইবে সেইদিন মানুষ আবার পশুত্ব লাভ করিবে।
**চলিত (শুদ্ধ) রূপ:** জানবার ও বুঝবার প্রবৃত্তি মানুষের মন থেকে যেদিন চলে যাবে সেদিন মানুষ আবার পশুত্ব লাভ করবে।

➢ **বানান অশুদ্ধি:**
**অশুদ্ধ:** আমি, 'গীতাঞ্জলী' পড়েছি। (বাক্যে ব্যবহৃত 'গীতাঞ্জলী' বানানটি ভুল)
**শুদ্ধ:** আমি 'গীতাঞ্জলি' পড়েছি।

➢ **পদের অপপ্রয়োগজনিত অশুদ্ধি:**
**অশুদ্ধ:** কাল বিতরণী হবে উৎসব স্কুলে আমাদের পুরস্কার অনুষ্ঠিত। (পদের সন্নিবেশ ঠিক না হওয়ায় ভাব প্রকাশ যথাযথ হয়নি)।
**শুদ্ধ:** কাল আমাদের স্কুলে পুরস্কার বিতরণী উৎসব অনুষ্ঠিত হবে।

➢ **অর্থ-সামঞ্জস্যহীন পদের ব্যবহার:**

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| ইক্ষুর চারা বপন করা হইল। | ইক্ষুর চারা রোপণ করা হইল। | গণিত খুব কঠিন। | গণিত খুব জটিল। |
| গোময় জ্বালানী কাষ্ঠরূপে ব্যবহার হয়। | গোময় জ্বালানীরূপে ব্যবহার হয়। | এই সভার ছাত্রগণ কর্তব্য নিরাকরণ করিবে। | এই সভার ছাত্রগণ কর্তব্য নির্ধারণ করিবে। |

➢ **বিশেষ্যের বিশেষণ-রূপে ব্যবহার:** শব্দে বিশেষ্যকে বিশেষণ-রূপে ব্যবহার করলে বাক্য অশুদ্ধির ক্ষেত্রে বিশেষ ভূমিকা পালন করে। সুতরাং এ বিষয়ে বিশেষ বিশেষ মনোযোগ দিতে হবে।

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| আমি অপমান হয়েছি। | আমি অপমানিত হয়েছি। | এ কথা প্রমাণ হয়েছে। | এ কথা প্রমাণিত হয়েছে। |
| সে আরোগ্য হয়েছে। | সে আরোগ্য লাভ করেছে। | গৌরব লোপ হইয়াছে। | গৌরব লোপ পাইয়াছে। |

➢ **বিশেষণের বিশেষ্যের ন্যায় ব্যবহার:**

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| ইহার আবশ্যক নাই। | ইহার আবশ্যকতা নাই। | আমি সাক্ষী দিয়েছি। | আমি সাক্ষ্য দিয়েছি। |
| ইদানিং সাবকাশ নাই। | ইদানীং অবকাশ নাই। | তদ্দৃষ্টে লিখিত হইল। | তদ্দর্শনে লিখিত হইল। |

➤ **বচনঘটিত শুদ্ধিকরণ:** একই সাথে দুবার বহুবচন বাচক প্রত্যয় বা শব্দ ব্যবহৃত হয় না। একটি বাক্যে একাধিকবার বহুবচনবাচক প্রত্যয় বা শব্দ 'বাহুল্য-দোষ' ঘটে। যেমন:

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| সকল শিক্ষকগণ আজ উপস্থিত। | সকল শিক্ষক আজ উপস্থিত। | সদাসর্বদা তোমার উপস্থিত প্রার্থনীয়। | সর্বদা তোমার উপস্থিতি প্রার্থনীয়। |
| প্রত্যেক শিক্ষকগণ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। | প্রত্যেক শিক্ষক অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। | সর্ব বিষয়ে বাহুল্যতা বর্জন করা উচিত। | সর্ব বিষয়ে বাহুল্য বর্জন করা উচিত। |

➤ **লিঙ্গঘটিত শুদ্ধিকরণ:** সাধারণত পুংলিঙ্গ থেকে স্ত্রীলিঙ্গে অথবা স্ত্রীলিঙ্গ থেকে পুংলিঙ্গে রূপান্তরকালে কিছু প্রত্যয়, অতিরিক্ত শব্দ বা শব্দাংশ যুক্ত করতে হয়; যা না হলে ব্যাকরণজনিত ভুল দেখা দেয়। বিধেয় বিশেষণ অর্থাৎ বিশেষ্যের পরবর্তী বিশেষণে স্ত্রীবাচক হয় না। যেমন:

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| মেয়েটি পাগলি হয়ে গেছে। | মেয়েটি পাগল হয়ে গেছে। | আজকালকার মেয়েরা যেমন মুখরা, তেমনি বিদ্বান। | আজকালকার মেয়েরা যেমন মুখরা, তেমনি বিদুষী। |

➤ **অন্বয়ঘটিত শুদ্ধিকরণ:** বাগ্‌ভঙ্গি এবং প্রমিত ভাষা ব্যাকরণের সাথে সাথে সব সময় চলে না। অর্থের দিকে এবং বক্তার আবেগের মাত্রার দিকে সচেতন থাকলে এসব অশুদ্ধি কাটিয়ে ওঠা সম্ভব। যেমন:

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| সহসা আগুন লাগায় ও খেলা পণ্ড হইল। | সহসা আগুন লাগিল ও খেলা পণ্ড হইল। |
| এই স্কুলে যে-কয়জন শিক্ষক আছেন, তাঁর মধ্যে জলিলই শ্রেষ্ঠ। | এই স্কুলে যে-কয়জন শিক্ষক আছেন, তাঁদের মধ্যে জলিল সাহেবই শ্রেষ্ঠ। |

➤ **অর্থ-সামঞ্জস্যহীন বাক্যের ব্যবহার:** অর্থ-সামঞ্জস্যহীন বাক্যের বা শব্দের অতিব্যবহার বাক্য অশুদ্ধির ক্ষেত্রে অনেক সময় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। অর্থ প্রকাশের জন্য শব্দ নির্দিষ্ট একটি মাত্রায় ব্যবহার করা জরুরি নতুবা বাক্যে অর্থের বিপর্যয় ঘটে। যেমন:

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| তাহার বৈমাত্রেয় সহোদর অসুস্থ। | তাহার বৈমাত্রেয় ভ্রাতা / ভাই অসুস্থ। |
| কথাটা আমার স্মৃতিপটে জাগরূক আছে। | কথাটা আমার স্মৃতিপটে অঙ্কিত আছে। |

➤ **কি ও কী সমস্যা:** প্রশ্নবোধক বাক্যে যে সকল প্রশ্নের উত্তর হ্যাঁ/না দ্বারা দেওয়া যায় সেগুলোতে 'কি' হবে ও যে সকল প্রশ্নের উত্তর হ্যাঁ/না দ্বারা দেওয়া যায় না সেগুলোতে 'কী' হবে এবং বিস্ময়সূচক বাক্যে কী হবে। যেমন:

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| তুমি কী আজ যাবে? | তুমি কি আজ যাবে? | কি ভয়ানক বিপদ ! | কী ভয়ানক বিপদ ! |
| তুমি কী ঢাকা যাবে? | তুমি কি ঢাকা যাবে? | | |

➤ **বিবিধ অশুদ্ধি:**

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|
| দুর্বলতাবশঃ অনাথিনী বসে পড়ল। | দুর্বলতাবশত অনাথা বসে পড়ল। | নৌকার স্রোতে ভাসিয়ে চলিয়াছিল। | নৌকা স্রোতে ভাসিয়া চলিয়াছিল। |
| আপনি স্বপরিবারে আমন্ত্রিত। | আপনি সপরিবারে আমন্ত্রিত। | তার সাংস্কৃতিক নাই। | তার সংস্কৃতি নাই। |
| সায়াহ্নে সবাই বাড়ি ফিরছে। | সন্ধ্যায় সবাই বাড়ি ফিরছে। | কৃত্তিবাস বাঙলা রামায়ণ লিখেছেন। | কৃত্তিবাস বাংলা রামায়ণ লিখেছেন। |
| অন্নাভাবে প্রতি ঘরে ঘরে হাহাকার | অন্নাভাবে প্রতি ঘরে হাহাকার | দৈন্যতা প্রশংসনীয় নয়। | দীনতা প্রশংসনীয় নয়। |
| জ্ঞানী মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর। | জ্ঞানী মূর্খ অপেক্ষা শ্রেয়। | 'গীতাঞ্জলী' পড়েছ কি? | 'গীতাঞ্জলি' পড়েছ কি? |
| বিদ্যান ব্যক্তিগণ দারিদ্রতার শিকার হন। | বিদ্বান ব্যক্তিগণ দারিদ্র্যের শিকার হন। | আবশ্যকীয় ব্যয়ে কার্পণ্য অনুচিত। | আবশ্যক ব্যয়ে কার্পণ্য অনুচিত। |
| বাংলাদেশ একটি উন্নতশীল দেশ। | বাংলাদেশ একটি উন্নয়নশীল দেশ। | বিধি লঙ্ঘন হয়েছে। | বিধি লঙ্ঘিত হয়েছে। |
| তাকে স্নেহাশীষ দিও। | তাকে স্নেহাশিস দিও। | সূর্য উদয় হয়েছে। | সূর্য উদিত হয়েছে। |

## এক কথায় প্রশ্নোত্তর

১. **'আপনি স্বপরিবারে আমন্ত্রিত'- বাক্যটির শুদ্ধরূপ নিরূপণ কর?**
উত্তর: আপনি সপরিবারে আমন্ত্রিত।

২. **'অনাবশ্যক ব্যাপারে কৌতুহল ভালো নয়'- এ বাক্যের শুদ্ধরূপ নিরুপন কর?**
উত্তর: অনাবশ্যকীয় ব্যাপারে কৌতূহল ভালো নয়।

৩. **'একটি গোপন কথা বলি'- বাক্যটির শুদ্ধরূপ কী হবে?**
উত্তর: একটি গোপনীয় কথা বলি।

৪. **'তাহার জীবন সংশয়পূর্ণ'- কাব্যটির শুদ্ধরূপ কী হবে?**
উত্তর: তাহার জীবন সংশয়াপন্ন।

৫. **'আমি সাক্ষী দিয়েছি'- বাক্যটির শুদ্ধরূপ কী হবে?**
উত্তর: আমি সাক্ষ্য দিয়েছি।

৬. **'ছেলেটি ভয়ানক মেধাবী'- বাক্যটি কোন ধরনের অশুদ্ধ হয়েছে?**
উত্তর: অর্থ-সামঞ্জস্যহীন পদের ব্যবহার।

৭. **'এ কথা প্রমাণ হয়েছে'- এ বাক্যের শুদ্ধরূপ কী হবে?**
উত্তর: এ কথা প্রমাণিত হয়েছে।

৮. **'দৈন্যতা প্রশংসনীয় নয়'- বাক্যটির শুদ্ধরূপে নিরূপণ কর।**
উত্তর: দীনতা প্রশংসনীয় নয়।

৯. **'সকল মানুষেরাই মরণশীল' এখানে কোন ধরনের অশুদ্ধি হয়েছে?**
উত্তর: বচনঘটিত ।

## Teacher's Work

১. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [১৬তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১৯]
ক কারো ফাগুন মাস, কারো সর্বনাশ।
খ সে প্রাণিবিদ্যায় দুর্বল।
গ আগত শনিবার কলেজ বন্ধ থাকবে।
ঘ বিধি লঙ্ঘিত হয়েছে।

২. **'বিদ্যান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর'- বাক্যটির শুদ্ধরূপ কোনটি?** [১৪তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)-২০১৭]
ক বিদ্যান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠ
খ বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ
গ বিদ্বান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর
ঘ বিদ্বান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠ

৩. **কোন বাক্যটি শুদ্ধ?** [৯ম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১৩]
ক আবশ্যকীয় ব্যয়ে কার্পণ্য অনুচিত
খ আবশ্যক ব্যয়ে কার্পণ্য অনুচিত
গ আবশ্যকীয় ব্যয়ে কার্পন্য অনুচিত
ঘ আবশ্যক ব্যয়ে কার্পন্য অনুচিত

৪. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [৮ম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১২]
ক সূর্য উদয় হয়েছে?
খ তার সৌজন্যতায় মুগ্ধ হয়েছি
গ যুক্তি খণ্ডন হয়েছে কিন্তু মুক্তি মেলেনি
ঘ বিধি লঙ্ঘন হয়েছে

৫. **কোনটি শুদ্ধ বাক্য?** [১০ম বেসরকারী শিক্ষক নিবন্ধন (২) : ১৪]
ক দারিদ্র্য বাংলাদেশের প্রধান সমস্যা
খ দরিদ্রতা বাংলাদেশের প্রধান সমস্যা
গ দারিদ্রতা বাংলাদেশের প্রধান সমস্যা
ঘ দরিদ্র বাংলাদেশের প্রধান সমস্যা

## বাক্য ও বাক্য রূপান্তর

### বাক্য

যে সুবিন্যস্ত পদসমষ্টি দ্বারা কোনো বিষয়ে বক্তার মনোভাব সম্পূর্ণরূপে প্রকাশিত হয়, তাকে বাক্য বলে।

**বাক্যের গুণ:** একটি স্বার্থক বাক্যের তিনটি গুণ থাকতে হবে। যথা-

১. **আকাঙ্ক্ষা:** বাক্যের অর্থ পরিষ্কারভাবে বোঝার জন্য এক পদের পর অন্য পদ শোনার যে ইচ্ছা তাই-ই আকাঙ্ক্ষা। যেমন: **'চন্দ্র পৃথিবীর চার দিকে'**- এটুকু বললে বাক্যটি সম্পূর্ণ মনোভাব প্রকাশ করে না, আরও কিছু শোনার ইচ্ছা হয়। বাক্যটি এভাবে পূর্ণাঙ্গ করা যায়- **চন্দ্র পৃথিবীর চারদিকে ঘোরে।** এখানে আকাঙ্ক্ষার নিবৃত্তি হয়েছে বলে এটি একটি পূর্ণাঙ্গ বাক্য।

২. **আসত্তি:** বাক্যের অর্থসঙ্গতি রক্ষার জন্য সুশৃঙ্খল পদবিন্যাসই আসত্তি। যেমন- **কাল বিতরণী হবে উৎসব স্কুলে আমাদের পুরস্কার অনুষ্ঠিত।** লেখাতে পদ সন্নিবেশ ঠিকভাবে না হওয়ায় শব্দগুলোর অন্তর্নিহিত ভাবটি যথাযথ প্রকাশিত হয়নি। তাই এটি বাক্য হয়নি। মনোভাব পূর্ণভাবে প্রকাশ করার জন্য পদগুলোকে নিম্নলিখিতভাবে যথাস্থানে সন্নিবিষ্ট করতে হবে। যেমন- **কাল আমাদের স্কুলে পুরস্কার বিতরণী উৎসব অনুষ্ঠিত হবে।** বাক্যটি আসত্তিসম্পন্ন।

৩. **যোগ্যতা:** বাক্যস্থিত পদসমূহের অন্তর্গত এবং ভাবগত মিলবন্ধনের নাম যোগ্যতা। যেমন: **বর্ষার বৃষ্টিতে প্লাবনের সৃষ্টি হয়।** এটি একটি যোগ্যতাসম্পন্ন বাক্য। কারণ, বাক্যটিতে পদসমূহের অর্থগত এবং ভাবগত সমন্বয় রয়েছে। কিন্তু **'বর্ষার রৌদ্র প্লাবনের সৃষ্টি করে'** বললে বাক্যটি ভাবপ্রকাশের যোগ্যতা হারাবে। কারণ, রৌদ্র প্লাবন সৃষ্টি করে না।

**শব্দের যোগ্যতার সঙ্গে নিম্নলিখিত বিষয়গুলো জড়িত থাকে**

ক. **রীতিসিদ্ধ অর্থবাচকতা:** প্রকৃতি ও প্রত্যয়জাত অর্থে শব্দ সর্বদা ব্যবহৃত হয়। যোগ্যতর দিক থেকে রীতিসিদ্ধ অর্থের দিকে লক্ষ্য রেখে কতকগুলো শব্দ ব্যবহার করতে হয়। যেমন:

| শব্দ | রীতিসিদ্ধ অর্থ | প্রকৃতি + প্রত্যয় | প্রকৃতি+প্রত্যয়জাত অর্থ |
|---|---|---|---|
| বাধিত | অনুগৃহীত বা কৃতজ্ঞ | বাধ + ইত | বাধাপ্রাপ্ত |
| তৈল | তিল জাতীয় | তিল+ ষ্ণ | তিলজাত স্নেহ পদার্থ, যে কোনো শস্যের রস। |

খ. **দুর্বোধ্যতা:** অপ্রচলিত, দুর্বোধ্য শব্দ ব্যবহার করলে বাক্যের যোগ্যতা বিনষ্ট হয়। যেমন: তুমি আমার সঙ্গে প্রপঞ্চ করেছো। (এখানে প্রপঞ্চ শব্দটি ব্যবহৃত হয়েছে চাতুরী বা মায়া অর্থে, কিন্তু বাংলায় 'প্রপঞ্চ' শব্দটি অপ্রচলিত)।

গ. **উপমার ভুল প্রয়োগ:** ঠিকভাবে উপমা অলংকার ব্যবহার না করলে যোগ্যতার হানি ঘটে। যেমন: আমার হৃদয়-মন্দিরে আশার বীজ উপ্ত হল। বীজ ক্ষেত্রে বপন করা হয়, মন্দিরে নয়। কাজেই বাক্যটি হওয়া উচিত -আমার হৃদয়-ক্ষেত্রে আশার বীজ উপ্ত হল।

ঘ. **বাহুল্য দোষ:** প্রয়োজনের অতিরিক্ত শব্দ ব্যবহারে বাহুল্য দোষ ঘটে এবং এর ফলে শব্দ তার যোগ্যতাগুণ হারিয়ে থাকে। যেমন: 'দেশের সব আলেমগণই এ ব্যাপারে আমদের সমর্থন দান করেন।' 'আলেমগণ' বহুবচনবাচক শব্দ। এর সঙ্গে 'সব' শব্দটির অতিরিক্ত বাহুল্য দোষ সৃষ্টি করেছে। বাক্যটির শুদ্ধ রূপ হলো- 'দেশের সব আলেম/আলেমগণই এ ব্যাপারে আমাদের সমর্থন দান করেন।'

ঙ. **বাগ্‌ধারার শব্দ পরিবর্তন:** বাগ্‌ধারা ভাষাবিশেষের ঐতিহ্য। এর যথেচ্ছ পরিবর্তন করলে শব্দ তার যোগ্যতা হারায়। যেমন: 'অরণ্যে রোদন' (অর্থ: নিষ্ফল আবেদন)- এর পরিবর্তে যদি বলা হয়, 'বনে ক্রন্দন' তবে বাগ্‌ধারাটি তার যোগ্যতা হারাবে।

চ. **গুরুচণ্ডালী দোষ:** তৎসম শব্দের সঙ্গে দেশীয় শব্দের প্রয়োগ কখনো কখনো গুরুচণ্ডালী দোষ সৃষ্টি করে। এ দোষে দুষ্ট শব্দ তার যোগ্যতা হারায়। 'গরুর গাড়ি (দেশি + দেশি)' 'শবদাহ (তৎসম + তৎসম)', 'মড়াপোড়া (দেশি + দেশি)' প্রভৃতি স্থলে যথাক্রমে 'গরুর শকট', 'শবপোড়া', 'মড়াদাহ' প্রভৃতির ব্যবহার গুরুচণ্ডালী দোষ সৃষ্টি করে।

[বি.দ্র: সাধু ও চলিত ভাষার মিশ্রণ এবং তৎসম শব্দের সঙ্গে দেশীয় শব্দের মিশ্রণ ঘটলে 'গুরুচণ্ডালী দোষ' হয়।]

**উদ্দেশ্য ও বিধেয়:** প্রতিটি বাক্যের দুটি অংশ থাকে: উদ্দেশ্য ও বিধেয়। বাক্যের যে অংশে কাউকে উদ্দেশ্য করে কিছু বলা হয়, তাকে উদ্দেশ্য এবং উদ্দেশ্য সম্বন্ধে যা বলা হয়, তাকে বিধেয় বলে। যেমন: খোকা এখন বই পড়ছে।

## এক কথায় প্রশ্নোত্তর

১. **গুরুচণ্ডালী দোষ কী?**
উত্তর: সাধু ও চলিতের মিশ্রণ।

২. **একটি সার্থক বাক্যের কয়টি গুণ থাকে?**
উত্তর: ৩টি।

৩. **গুরুচণ্ডালী দোষমুক্ত শব্দ হচ্ছে-**
উত্তর: শবদাহ।

৪. **সকল আলেমগণ আজ উপস্থিত। বাক্যটি কোন দোষে দুষ্ট?**
উত্তর: বাহুল্য দোষে।

৫. **'আমি যাব, তবে কাল যাব' কোন শ্রেণির বাক্য?**
উত্তর: যৌগিক বাক্য।

৬. **'আমার হৃদয় মন্দিরে আশার বীজ উপ্ত হলো' বাক্যটিতে কোন দোষ আছে?**
উত্তর: উপমার ভুল প্রয়োগ।

## Teacher's Work

১. **বাক্যে এক পদের পর অন্যপদ শোনার ইচ্ছাকে কী বলে?** [৮ম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১২]
ক) আসত্তি খ) আকাঙ্ক্ষা গ) যোগ্যতা ঘ) আসক্তি

২. **এক বা একাধিক শব্দ দিয়ে গঠিত পূর্ণ অর্থবোধক ভাষিক একককে কী বলে?** [প.প.অ. (পরিবার কল্যাণ পরিদর্শিকা)'২৩]
ক) বাক্য খ) বাক্যাংশ গ) উদ্দেশ্য ঘ) বিধেয়

৩. **বাক্যের দুটি অংশ থাকে–** [৪২তম বিসিএস (বিশেষ)]
ক) প্রসাদগুণ, মাধুর্যগুণ খ) উপমা, অলংকার গ) উদ্দেশ্য, বিধেয় ঘ) সাধু, চলিত

## গঠন অনুযায়ী বাক্যের শ্রেণিবিভাগ

গঠন অনুযায়ী বাক্য তিন প্রকার: যথা-

১. **সরল বাক্য:** যে বাক্যে একটি মাত্র কর্তা (উদ্দেশ্য) এবং একটি মাত্র সমাপিকা ক্রিয়া (বিধেয়) থাকে, তাকে সরল বাক্য বলে। যথা–

(ক) পুকুরে পদ্মফুল জন্মে।
এখানে **'পদ্মফুল'** উদ্দেশ্য এবং **'জন্মে'** বিধেয়।
**এ রকম:** স্নেহময়ী জননী (উদ্দেশ্য) স্বীয় সন্তানকে প্রাণাপেক্ষা ভালবাসেন (বিধেয়)।

(খ) বিশ্ববিখ্যাত মহাকবিরা (উদ্দেশ্য) ঐন্দ্রজালিক শক্তিসম্পন্ন লেখনী দ্বারা অমরতার সঙ্গীত রচনা করেন (বিধেয়)।

২. **মিশ্র বা জটিল বাক্য:** যে বাক্যে একটি প্রধান খণ্ডবাক্যে এক বা একাধিক আশ্রিত বাক্য পরস্পর সাপেক্ষ ভাবে ব্যবহৃত হয়, তাকে মিশ্র বা জটিল বাক্য বলে। যথা-

| | আশ্রিত বাক্য | প্রধান খণ্ডবাক্য |
|---|---|---|
| ১. | যে পরিশ্রম করে, | সে-ই সুখ লাভ করে। |
| ২. | সে যে অপরাধ করেছে, | তা মুখ দেখেই বুঝেছি। |

৩. **যৌগিক বাক্য:** পরস্পর নিরপেক্ষ দুই বা ততোধিক সরল বা মিশ্র বাক্য মিলিত হয়ে একটি সম্পূর্ণ বাক্য গঠন করলে, তাকে যৌগিক বাক্য বলে। যেমন-জননেতা জনগণকে উৎসাহিত করলেন বটে; কিন্তু কোনো পথ দেখাতে পারলেন না। বস্ত্র মলিন কেন, কেহ জিজ্ঞাসা করিলে সে ধোপাকে গালি পাড়ে; অথচ ধৌত বস্ত্রে তাহার গৃহ পরিপূর্ণ। উদয়াস্ত পরিশ্রম করব; তথাপি অন্যের দ্বারস্থ হব না।

## অর্থ অনুযায়ী বাক্যের শ্রেণিবিভাগ

অর্থগত দিক থেকে বাক্য প্রধানত পাঁচ প্রকার। যথা-

১. **নির্দেশক বাক্য (Assertive Sentence):** যে বাক্যে সংবাদ, তথ্য বিবরণ, ঘটনা বিবৃত থাকে, তাকে নির্দেশক বাক্য বলা হয়। যেমন: পাকিস্তান-ভারত সীমান্ত এখন শান্ত।

২. **অনুজ্ঞাসূচক বাক্য (Imperative Sentence):** যে বাক্যে আদেশ, নিষেধ, অনুরোধ, উপদেশ দেওয়া হয়, তাকে অনুজ্ঞাসূচক বাক্য বলা হয়। যেমন: এখনই বাড়ি যাও। নিয়মিত পড়াশোনা করবে।

৩. **প্রশ্নসূচক বাক্য (Interrogative Sentence):** কৌতূহল নিবৃত্তির আকাঙ্ক্ষা বা জানার ইচ্ছা যে বাক্যে বিবৃত হয়, তাকে প্রশ্নসূচক বাক্য বলা হয়। যেমন:
- সাদ্দাম কি বেঁচে আছেন?
- পর্তুগালের রাজধানীর নাম কী?

৪. **কামনামূলক বা ইচ্ছাসূচক বাক্য (Optative Sentence):** মঙ্গল-অমঙ্গল কামনা বা মনের ইচ্ছা প্রকাশমূলক বাক্যকে প্রার্থনামূলক বা ইচ্ছাসূচক বাক্য বলা হয়। যেমন: খোদা তোমার মঙ্গল করুক। স্বৈরতন্ত্র নিপাত যাক।

৫. **বিস্ময়সূচক বাক্য (Exclamatory Sentence) :** আনন্দ-বেদনা, ঘৃণা-ক্রোধ-ভয়, উচ্ছ্বাস-আবেগ, বিস্ময়-কৌতূহল যে বাক্যে প্রকাশিত হয়, তাকে বিস্ময়সূচক বাক্য বলা হয়।
যেমন : কতই না সুন্দর তাজমহলের দৃশ্য! হায়, সুস্থ ছেলেটি মারা গেলো!

## এক কথায় প্রশ্নোত্তর

১. **গঠন অনুসারে বাক্য কত প্রকার?**
উত্তর: তিন প্রকার।

২. **'তার বয়স হয়েছে কিন্তু বুদ্ধি পাকেনি'- উদাহরণটি কোন বাক্যের?**
উত্তর: যৌগিক বাক্য।

৩. **'তুমি আসবে বলে হে স্বাধীনতা সখিনা বিবির কপাল ভাঙল।'- এটি কোন বাক্য?**
উত্তর: মিশ্র বা জটিল।

৪. **"যাঁরা দেশের জন্য প্রাণ দিয়েছে, তাদের ঋণ আমরা শোধ করতে পারব না"-এখানে ঋণ কী?**
উত্তর: বিধেয়ের পূরক

৫. **"কে কোথা হইতে শব্দ করিতেছে, তাহাও জানিবার উপায় নাই"- কোন শ্রেণির বাক্য?**
উত্তর: জটিল বাক্য

৬. **'যদি সত্য বল, তাহলে মুক্তি পাবে' এটি কোন ধরনের বাক্য?**
উত্তর: মিশ্র বাক্য।

৭. **'যিনি বিদ্বান, তিনি সর্বত্র আদরণীয়' এটি কোন ধরনের বাক্য?**
উত্তর: জটিল বাক্য ।

৮. **'এবার আমার একটি বিচিত্র অভিজ্ঞতা হলো' -এ বাক্য কোন ধরনের?**
উত্তর: নির্দেশাত্মক।

৯. **'ঈশ্বর তাহারই সাহায্য করেন, যে নিজে নিজের সাহায্য করে' এটি কোন ধরনের বাক্য?**
উত্তর: জটিল বাক্য।

## Teacher's Work

১. **'লোকটি ধনী কিন্তু কৃপণ'- কোন ধরনের বাক্য?** [১৭তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল-২)-২০২২]
ক) জটিল খ) যৌগিক গ) সরল ঘ) মিশ্র

২. **'যতই পরিশ্রম করবে ততই ফল পাবে'-** [৮ম প্রভাষক নিবন্ধন-২০১২]
ক) নির্দেশক বাক্য খ) সরল বাক্য গ) যৌগিক বাক্য ঘ) জটিল বাক্য

৩. **নিচের কোনটি যৌগিক বাক্য?** [৪৪তম বিসিএস]
ক) দোষ স্বীকার করলে তোমাকে শাস্তি দেওয়া হবে না।
খ) তিনি বেড়াতে এসে কেনাকাটা করলেন।
গ) মহৎ মানুষ বলে সবাই তাকে সম্মান করেন।
ঘ) ছেলেটি চঞ্চল তবে মেধাবী।

### বাক্য রূপান্তর

অর্থের কোনোরূপ রূপান্তর না করে এক প্রকারের বাক্যকে অন্য প্রকার বাক্যে রূপান্তর করার নামই বাক্য রূপান্তর। যেমন:

**সরল থেকে জটিল বাক্যে রূপান্তর:**
সরল বাক্য: ভালো ছেলেরা শিক্ষকের আদেশ পালন করে।
জটিল বাক্য: যারা ভালো ছেলে, তারা শিক্ষকের আদেশ পালন করে।
সরল বাক্য: ভিক্ষুককে দান কর।
জটিল বাক্য: যে ভিক্ষা চায়, তাকে দান কর।

**জটিল বা মিশ্র থেকে সরল বাক্যে রূপান্তর:**
জটিল বাক্য: যতদিন জীবিত থাকব, ততদিন এ ঋণ স্বীকার করব।
সরল বাক্য: আজীবন এ ঋণ স্বীকার করব।
জটিল বাক্য: যেসকল পশু মাংস ভোজন করে, তারা অত্যন্ত বলবান।
সরল বাক্য: মাংসভোজী পশু অত্যন্ত বলবান।

**সরল থেকে যৌগিক বাক্যে রূপান্তর:**
সরল বাক্য: আমি বহু কষ্টে শিক্ষালাভ করেছি।
যৌগিক বাক্য: আমি বহু কষ্ট করেছি, ফলে শিক্ষা লাভ করেছি।
সরল বাক্য: তিনি আমাকে পাঁচ টাকা দিয়ে বাড়ি যেতে বললেন।
যৌগিক বাক্য: তিনি আমাকে পাঁচ টাকা দিলেন এবং বাড়ি যেতে বললেন।

**যৌগিক থেকে সরল বাক্যে রূপান্তর:**
যৌগিক বাক্য: সত্য কথা বলিনি, তাই বিপদে পড়েছি।
সরল বাক্য: সত্য কথা না বলে বিপদে পড়েছি।
যৌগিক বাক্য: তার বয়স হয়েছে, কিন্তু বুদ্ধি হয়নি।
সরল বাক্য: তার বয়স হলেও বুদ্ধি হয়নি।

**যৌগিক থেকে জটিল বাক্যে রূপান্তর:**
যৌগিক বাক্য: দোষ স্বীকার কর, তোমাকে কোনো শাস্তি দিব না।
জটিল বাক্য: যদি দোষ স্বীকার কর, তাহলে তোমাকে কোনো শাস্তি দিব না।
যৌগিক বাক্য: তিনি অত্যন্ত দরিদ্র, কিন্তু তাঁর অন্তঃকরণ অতিশয় উচ্চ।
জটিল বাক্য: যদিও তিনি অত্যন্ত দরিদ্র, তথাপি তাঁর অন্তঃকরণ অতিশয় উচ্চ।

**জটিল থেকে যৌগিক বাক্যে রূপান্তর:**
জটিল বাক্য: যদি সে কাল আসে, তাহলে আমি যাব।
যৌগিক বাক্য: সে কাল আসবে এবং আমি যাব।
জটিল বাক্য: যদিও তাঁর টাকা আছে, তথাপি তিনি দান করেন না।
যৌগিক বাক্য: তাঁর টাকা আছে, কিন্তু তিনি দান করেন না।

## এক কথায় প্রশ্নোত্তর

১. 'যখন বিপদ আসে, তখন দুঃখ আসে'- বাক্যটিকে যৌগিক বাক্যে রূপান্তর করুন।
উত্তর: বিপদ এবং দুঃখ এক সময়ে আসে।

২. 'যেমন কর্ম করবে, তেমন ফল পাবে'- এটির মিশ্র বাক্য কী হবে?
উত্তর: কর্ম কর, অনুরূপ ফল পাবে।

৩. 'ভিক্ষুককে দান কর'- এর সঠিক মিশ্র বাক্য কোনটি?
উত্তর: যে ভিক্ষা চায়, তাকে দান কর।

৪. 'যতদিন জীবিত থাকব, ততদিন এ ঋণ স্বীকার করব'- এটির সরল বাক্য কী হবে?
উত্তর: আজীবন এ ঋণ স্বীকার করব।

৫. 'তিনি অত্যন্ত দরিদ্র কিন্তু তার অন্তঃকরণ অতিশয় উচ্চ'- এটির মিশ্র বাক্য কী হবে?
উত্তর: যদিও তিনি অত্যন্ত দরিদ্র তথাপি তাঁর অন্তঃকরণ অতিশয় উচ্চ।

## Teacher's Work

১. "ছোট কিন্তু রসে ভরা" –বাক্যটিকে সরল বাক্যে রূপান্তরিত করলে কী হবে? [ঢাবি (খ- ইউনিট): ২০১৪-১৫]
ক যদিও ছোট, তবু রসে ভরা
খ রসে ভরা ছোট চিঠি
গ ছোট ও রসে ভরা
ঘ ছোট হলেও রসে ভরা

২. 'লোকটি দরিদ্র হলেও সৎ' –বাক্যটির যৌগিক রূপ কী?
ক লোকটি দরিদ্র এবং সৎ
খ লোকটি দরিদ্র কিন্তু সৎ
গ লোকটি যদিও দরিদ্র তবুও সৎ
ঘ যদিও লোকটি দরিদ্র বটে তথাপি সৎ

৩. 'হৈমন্তী চুপ করিয়া রহিল'- বাক্যটির জটিল রূপ কী?
ক সে হৈমন্তী চুপ করিয়া রহিল
খ যে হৈমন্তী সে চুপ করিয়া রহিল
গ হৈমন্তী বলিয়া সে চুপ করিয়া রহিল
ঘ কিন্তু হৈমন্তী চুপ করিয়া রহিল

## পারিভাষিক শব্দ

### A

| | |
|---|---|
| Aboriginal | ➢ আদিবাসী |
| Adjournment | ➢ মুলতবি |
| Anonymous | ➢ বেনামী |
| Attested | ➢ সত্যায়িত |
| Affidavit | ➢ হলফনামা |
| Anarchy | ➢ নৈরাজ্য |
| Autonomous | ➢ স্বায়ত্তশাসিত |
| Amicus curiae | ➢ আদালতের বন্ধু |
| Autobiography | ➢ আত্মজীবনী |
| Amendment | ➢ সংশোধনী |

### B

| | |
|---|---|
| Bail | ➢ জামিন |
| Blue Print | ➢ প্রতিচিত্র |
| Booklet | ➢ পুস্তিকা |
| Blockade | ➢ অবরোধ |
| Bloc | ➢ শক্তিজোট |
| Book Post | ➢ খোলা ডাক |
| Boycott | ➢ বাতিল |
| Barren | ➢ বন্ধ্যা/অনুর্বর |

### C

| | |
|---|---|
| Cabinet | ➢ মন্ত্রিপরিষদ |
| Circular | ➢ পরিপত্র |
| Coup | ➢ অভ্যুত্থান |
| Corrigendum | ➢ শুদ্ধিপত্র |
| Constituency | ➢ নির্বাচনী এলাকা |
| Canvass | ➢ প্রচার |
| Certified | ➢ প্রত্যয়িত |
| Catalogue | ➢ তালিকা |
| Calligraphy | ➢ হস্তলিপিবিদ্যা |
| Covenant | ➢ চুক্তিপত্র |

### D

| | |
|---|---|
| Deputation | ➢ প্রেষণ |
| Deceive | ➢ প্রতারণা |
| Divulge | ➢ প্রকাশ করা |
| Directorate | ➢ অধিদপ্তর |
| Dividend | ➢ লভ্যাংশ |

## E

Equation ➢ সমীকরণ
Eye witness ➢ প্রত্যক্ষদর্শী
Exhibition ➢ প্রদর্শনী
Enterprise ➢ উদ্যোগ
Etiquette ➢ শিষ্টাচার
Embassy ➢ দূতাবাস

## F

Filing ➢ নথিভুক্তি
Folio ➢ পাতা
Fair ➢ অবাধনীতি

## G

Gazette ➢ ঘোষণাপত্র
Graphic ➢ রৈখিক
Grotesque ➢ অদ্ভুত
Glossary ➢ টীকাপঞ্জি

## H

Homicide ➢ নরহত্যা
Hostage ➢ জিম্মি
Hydrologist ➢ পানিবিজ্ঞানী
Hygiene ➢ স্বাস্থ্যবিদ্যা
Hard money ➢ নগদ টাকা
Hoarder ➢ মজুতদার
Horticulture ➢ উদ্যানবিদ্যা
Horizon ➢ দিগন্ত

## I

Intellectual ➢ বুদ্ধিজীবী
Indigenous ➢ স্বদেশি
Industrious ➢ পরিশ্রমী
In abeyance ➢ স্থগিতাবস্থা
Index ➢ সূচক
Issue ➢ প্রচার

## J

Jerhin ➢ আটসাট জামা
Justification for ➢ সমর্থন
Jail code ➢ কারাবিধি

## K

Key-note ➢ মূলভাব
Knavery ➢ প্রতারণা

## L

Livestock ➢ পশুপালন
Litigation ➢ মামলা
Lingua Franca ➢ মিশ্রভাষা
Lender ➢ মহাজন
Leaflet ➢ প্রচারপত্র
Latitude ➢ অক্ষাংশ

## M

Manager ➢ ব্যবস্থাপক
Meteor ➢ উল্কা
Migratory bird ➢ অতিথি পাখি

## N

Nebula ➢ নীহারিকা
Null and void ➢ বাতিল
Nationalism ➢ জাতীয়তাবাদ
Nota Bene (NB) ➢ লক্ষণীয়

## O

Oxyzen ➢ অম্লজান
Overrule ➢ বাতিল করা
Obligatory ➢ বাধ্যতামূলক

## P

Pact ➢ চুক্তি
Pensive ➢ বিষণ্ণ
Postage ➢ ডাকমাশুল
Provoke ➢ উস্কানি দেওয়া
Post graduate ➢ স্নাতকোত্তর
Prominent ➢ প্রখ্যাত

## Q

Quarterly ➢ ত্রৈমাসিক
Quack ➢ হাতুড়ে ডাক্তার
Quantum ➢ পরিমাণ
Quota ➢ নির্ধারিত অংশ
Questionnaire ➢ প্রশ্নমালা

## R

Ratio ➢ অনুপাত
Rehearsal ➢ মহড়া
Republic ➢ প্রজাতন্ত্র
Remittance ➢ প্রেরণ
Representation ➢ প্রতিনিধিত্ব
Re-union ➢ পুনর্মিলন
Radical ➢ মৌলিক
Radioactivity ➢ তেজস্ক্রিয়তা
Rational ➢ যুক্তিবাদী
Referendum ➢ গণভোট
Refugee ➢ উদ্বাস্তু
Rehabilitation ➢ পুনর্বাসন
Realism ➢ বাস্তববাদ

## S

| | |
|---|---|
| Satellite | ➢ উপগ্রহ |
| Screening | ➢ বাছাই |
| Sculpture | ➢ ভাস্কর্য |
| Seismography | ➢ ভূকম্পবিদ্যা |
| Spectrum | ➢ বর্ণালি |
| Solar eclipse | ➢ সূর্য গ্রহণ |
| Sovereignty | ➢ সার্বভৌমত্ব |
| Subsidiary | ➢ সম্পূরক |
| Surgeon | ➢ শল্যচিকিৎসক |

## T

| | |
|---|---|
| Tabulation | ➢ তালিকা বন্ধন |
| Terminology | ➢ পরিভাষা |
| Totalitarianism | ➢ সর্বগ্রাসিতা |
| Treaty | ➢ আর্ন্তজাতিক চুক্তি |
| Taxation | ➢ করারোপ |
| Tariff | ➢ মাশুল/শুল্ক |
| Tribal | ➢ আদিবাসীয় |
| Tribunal | ➢ বিশেষ আদালত |

## U

| | |
|---|---|
| Understanding | ➢ সমঝোতা |
| Universal | ➢ বিশ্বজনীন, সার্বজনীন |
| Unconstitutional | ➢ অসাংবিধানিক |
| Ultimatum | ➢ চরমপত্র |

## V

| | |
|---|---|
| Vague | ➢ অস্পষ্ট |
| Volunteer | ➢ স্বেচ্ছাসেবক |
| Vacation | ➢ অবকাশ |
| Viva-Voce | ➢ মৌখিক পরীক্ষা |
| Vice Chancellor | ➢ উপাচার্য |
| Vice Versa | ➢ বিপরীতক্রম |

## W

| | |
|---|---|
| Walk out | ➢ সভা বর্জন |
| Wastage | ➢ অপচয় |
| Watcher | ➢ চর, প্রহরী |
| Waterproof | ➢ জলরোধক |
| White paper | ➢ শ্বেতপত্র |
| Wage | ➢ বেতন, মজুরি |
| Witness | ➢ সাক্ষী |
| Water Fall | ➢ জলপ্রপাত |

## Z

| | |
|---|---|
| Zenith | ➢ শীর্ষ |
| Zoology | ➢ প্রাণিবিদ্যা |

## এক কথায় প্রশ্নোত্তর

১. **'Intellectual' শব্দের অর্থ কোনটি?**
উত্তর: বুদ্ধিজীবী।

২. **'Postage' শব্দটির পারিভাষিক শব্দ-**
উত্তর: ডাকমাশুল।

৩. **'Book Post' এর সঠিক বাংলা পরিভাষা কোনটি?**
উত্তর: খোলা ডাক।

৪. **'For Good' এর সঠিক অর্থ কী?**
উত্তর: চিরতরে।

৫. **'Autonomous' শব্দের অর্থ?**
উত্তর: স্বায়ত্তশাসিত।

৬. **'Booklet' এর বাংলা পরিভাষা-**
উত্তর: পুস্তিকা।

৭. **'Custom' এর বাংলা পরিভাষা কোনটি?**
উত্তর: প্রথা।

৮. **Deadlock অর্থ কী?**
উত্তর: অচলাবস্থা।

৯. **'Entrepreneur' এর সঠিক বাংলা পরিভাষা কোনটি?**
উত্তর: উদ্যোক্তা।

১০. **'Liecense' শব্দটির পরিভাষা-**
উত্তর: অনুজ্ঞাপত্র।

১১. **'Referendum' এর সঠিক বাংলা পরিভাষা কোনটি?**
উত্তর: গণভোট।

১২. **'Sabotage' অর্থ কী?**
উত্তর: অন্তর্ঘাত।

১৩. **'Civil Society' শব্দের পরিভাষা শব্দ কী?**
উত্তর: সুশীল সমাজ।

১৪. **'Quotation' এর পারিভাষিক শব্দ কী?**
উত্তর: মূল্যজ্ঞাপন।

১৫. **'Proletariat' শব্দটির সঠিক বাংলা কী?**
উত্তর: সর্বহারা। (শ্রমিক শ্রেণী)

১৬. **Forgery শব্দের বাংলা পরিভাষা কী?**
উত্তর: জালিয়াতি।

১৭. **Rudimentary শব্দটির অর্থ কী?**
উত্তর: প্রাথমিক।

## Teacher's Work

১. **'Ratio' শব্দটির পারিভাষিক রূপ কোনটি?** [১৮ তম শিক্ষক নিবন্ধন(কলেজ পর্যায়)-২০২৪]
ক নিত্যক্রম   খ ভগ্নাংশ   গ অনুপাত   ঘ সারি

২. **'Memorandum' এর পরিভাষা কী?** [১৮তম শিক্ষক নিবন্ধন (স্কুল পর্যায়-২)-২০২৪]
ক পরীক্ষাগার   খ গণসংযোগ   গ স্মারকলিপি   ঘ অবতরণ

৩. **'Epicurism' এর যথার্থ পরিভাষা-** [১৫তম প্রভাষক নিবন্ধন-২০১৯]
ক নিয়তিবাদ   খ অস্তিত্ববাদ   গ ভোগবাদ   ঘ পরিবেশবাদ

৪. **'Justification for' এর সঠিক অনুবাদ কোনটি?** [১২তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১৫]
ক সমর্থন   খ বিচার   গ মন্তব্য   ঘ তর্ক

৫. **'Invoice' এর বাংলা পারিভাষিক রূপ কোনটি?** [১৭তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল পর্যায়)-২০২২]
ক চালান   খ পণ্যাগার   গ শুল্ক   ঘ বিনিয়োগ

৬. **Ad-hoc এর অর্থ কী?** [১৭তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল-২)-২০২২]
ক তদর্থক   খ অস্থায়ী   গ শপথপত্র   ঘ ক ও খ উভয়ই

৭. **'Book Post' এর পারিভাষিক রূপ কোনটি?** [১৬তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)-২০১৯]
ক ডাকঘর   খ খোলাডাক   গ উপবিধি   ঘ লেখস্বত্ব

৮. **Phoneme শব্দের অর্থ-** [১৫তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)-২০১৯]
ক শব্দমূল   খ নাম প্রকৃতি   গ রূপ   ঘ ধ্বনিমূল

৯. **Apenthesis এর অর্থ-** [১৫তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)-২০১৯]
ক স্বরসঙ্গতি   খ স্বরাগম   গ অভিশ্রুতি   ঘ অপিনিহিতি

## অনুবাদ

অনুবাদ- এর ইংরেজি পারিভাষিক শব্দ হলো 'Translation'। এর বাংলা অর্থ ভাষান্তর, তরজমা ইত্যাদি। কোনো বক্তব্য বা রচনাকে এক ভাষা থেকে অন্য ভাষায় রূপান্তরিত করাকে অনুবাদ বলা হয়। অনুবাদের পারদর্শিতা মূলত অভ্যাসের ওপর নির্ভরশীল।

➤ অনুবাদ প্রধানত দুই প্রকার। যথা– ১. আক্ষরিক অনুবাদ, ২. ভাবানুবাদ।

☯ বিগত পরীক্ষার প্রশ্নসমূহ বিশ্লেষণ করে দেখা যায় যে, অনুবাদ অংশে মূলত ইংরেজি Proverb (প্রবাদ-প্রবচন) এসেছে। সে দিকে লক্ষ রেখে নিচে গুরুত্বপূর্ণ Proverb (প্রবাদ-প্রবচন) তুলে ধরা হলো–

| ইংরেজি বাক্য / (Proverb) | বাংলা অর্থ |
|---|---|
| All covet, all lost./Grasp all lose all | অতি লোভে তাঁতি নষ্ট। |
| Empty vessels sound much. | অসারের তর্জন গর্জনই সার। |
| Cast pearls before swine. | উলুবনে মুক্তা ছড়ানো। |
| Unity is strength. | একতাই বল। |
| A cat has nine lives. | কই মাছের প্রাণ। |
| Hunger is the best sauce. | ক্ষুধা পেলে বাঘও ধান খায়। |
| Birds of a feather flock together. | চোরে চোরে মাসতুতো ভাই। |
| Every man is for himself. / Physician heal thyself. | চাচা আপন প্রাণ বাঁচা। |
| Knowledge is power. | জ্ঞানই বল। |
| Make hay while the sun shines. | ঝোপ বুঝে কোপ মারা। |

| ইংরেজি বাক্য / (Proverb) | বাংলা অর্থ |
|---|---|
| Money begets money. | টাকায় টাকা হয়। |
| Many a little makes a mickle. | দশের লাঠি একের বোঝা। |
| No pains, no gains. | দুঃখ বিনা সুখ লাভ হয় কী? |
| All feet thread not in one shoe. / Many men many minds. | নানা মুনির নানা মত। |
| Many drops make a shower. | বিন্দু জলে সিন্ধু হয়। |
| Misfortune never comes alone. | বিপদ কখনও একা আসে না। |
| Honesty is the best policy. | সততাই সর্বোৎকৃষ্ট পন্থা। |
| Jack of all trades, master of none. | সবজান্তা অষ্টরম্ভা। |

| ইংরেজি বাক্য / (Proverb) | বাংলা অর্থ |
|---|---|
| Self-help is the best help. | স্বাবলম্বন সর্বশ্রেষ্ঠ অবলম্বন। |
| Beat about the bush. | অন্ধকারে ঢিল মারা। |
| The grapes are sour. | আঙুর ফল টক। |
| Oil your own machine. | আপন চরকায় তেল দাও। |
| It takes two to make a quarrel | এক হাতে তালি বাজেনা। |
| No smoke without fire. | কারণ বিনা কার্য হয় না। |
| Rumour is a great traveller. | গুজব খুব দ্রুত ছড়ায়। |
| Carry coals to Newcastle. | তেল মাথায় তেল দেওয়া। |
| To make a mountain out of a molehill | তিলকে তাল করা। |
| He is out of luck | তার পোড়া কপাল। |
| Adversity often leads to prosperity. | দুঃখের পরিণতি সুখে। |

| ইংরেজি বাক্য / (Proverb) | বাংলা অর্থ |
|---|---|
| After clouds comes fair weather. | দুঃখের পরে আসে সুখ। |
| After meat comes mustard. | নুন আনতে পান্তা ফুরায়। |
| Failure is the pillar of success. | ব্যর্থতা সাফল্যেরই ভিত্তিভূমি। |
| Penny wise, pound-foolish. | বজ্র আঁটুনি ফোস্কা গেরো। |
| Nothing succeeds like success. | জলেই জল বাঁধে। |
| Have patience in danger. | বিপদে ধৈর্য ধারণ কর। |
| Waste not, want not. | অপচয় করো না, অভাবে পড়বে না। |
| The rose is a fragrant flower. | গোলাপ সুগন্ধি ফুল। |
| Patience has its reward. | সবুরে মেওয়া ফলে। |
| As you sow, so will you reap. | যেমন কর্ম, তেমন ফল। |

| ইংরেজি বাক্য / Proverb | বাংলা অর্থ |
|---|---|
| A friend in need is a friend indeed. | অসময়ের বন্ধুই প্রকৃত বন্ধু। |
| A little learning is a dangerous thing. | অল্পবিদ্যা ভয়ঙ্করী। |
| A golden key can open any door. | টাকায় বাঘের দুধ মেলে। |
| The pen is mighter than the sword. | অসির চেয়ে মসী শক্তিশালী। |
| Ill got ill spent. | অসৎ পথে আয় অসৎ পথেই যায়। |
| Necessity has no law or knows no law. | অভাবে স্বভাব নষ্ট। |
| Too many cooks spoil the broth. | অধিক সন্ন্যাসীতে গাজন নষ্ট। |
| Slow and steady wins the race. | অধ্যবসায়ের ফলেই সাফল্য লাভ ঘটে। |
| Build castles in the air. | আকাশ-কুসুম কল্পনা করা বা অলীক কল্পনা করা। |
| Cut your coat according to your cloth. | আয় বুঝে ব্যয় কর। |
| Where there is a will, there is a way. | ইচ্ছা থাকলেই উপায় হয়। |
| Example is better than precept. | উপদেশ দেওয়ার চেয়ে দৃষ্টান্ত স্থাপন করা ভালো। |
| Morning shows the day. | উঠন্তি মূলা পত্তনেই চেনা যায় বা সকালেই দিন বোঝা যায়। |
| Better late than never. | একেবারে না হওয়ার চেয়ে দেরিতে হওয়া ভালো |
| One swallow does not make a summer. | এক মাঘে শীত যায় না। |
| United we stand, divided we fall | একতায় উত্থান, বিভেদে পতন। |
| Ethiopian will not change his skin | কয়লা ধুলেও ময়লা যায় না। |
| Give a dog a bad name and hang him | কাজের সময় কাজি, কাজ ফুরালে পাজি। |
| Nero fiddles while Rome burns. | কারও পৌষমাস, কারও সর্বনাশ। |
| Better alone than in bad company. | কুসঙ্গে থাকার চেয়ে একা থাকাও ভালো। |
| Out of sight, out of mind. | কাছে তুমি পোড়ে মন, দূরে গেলে ঠনঠন। |
| Rome was not built in a day. | কোনো বৃহৎ কার্য রাতারাতি সম্পন্ন হয় না। |
| Practice makes a man perfect. | গাইতে গাইতে গায়েন, বাজাতে বাজাতে বায়েন। |
| A burnt child fears the fire. | ঘর পোড়া গরু সিঁদুরে মেঘ দেখলেই ভয় পায়। |

| ইংরেজি বাক্য / Proverb | বাংলা অর্থ |
|---|---|
| All that glitters is not gold. | চকচক করলেই সোনা হয় না। |
| Good wine needs no bush. | চেনা বামুনের পৈতা লাগে না। |
| The devil would not listen to the scripture. | চোর না শুনে ধর্মের কাহিনি। |
| A guilty conscience needs no accuser. | ঠাকুর ঘরে কে? আমি কলা খাইনি। |
| Better an empty house than an ill tenant. | দুষ্ট গরুর চেয়ে শূন্য গোয়াল ভালো। |
| Two heads are better than one. | দশে মিলে করি কাজ, হারি জিতি নাহি লাজ। |
| We never know the worth of water till the well is dry. | দাঁত থাকতে দাঁতের মর্যাদা বোঝা যায় না। |
| A bad workman quarrels with his tools. | নাচতে না জানলে উঠোন বাঁকা। |
| Cut off one's nose to spite one's face. | নিজের নাক কেটে পরের যাত্রা ভঙ্গ করা। |
| Something is better than nothing. | নেই মামার চেয়ে কানা মামা ভালো। |
| A bad workman quarrels with his tools. | নাচতে না জানলে উঠান বাঁকা। |
| Necessity is the mother of invention | প্রয়োজনই আবিষ্কারের প্রসূতি। |
| Diligence is the mother of good luck | পরিশ্রমই সৌভাগ্যের প্রসূতি। |
| Fortune favours the brave. | বীরভোগ্যা বসুন্ধরা বা ভাগ্য সাহসীকে অনুসরণ করে। |
| Barking dogs seldom bite. | যত গর্জে, তত বর্ষে না; পচা আদার ঝাল বেশি। |
| Faults are thick where love is thin | যারে দেখতে নারি তার চলন বাঁকা। |
| Give the devil his due. | শয়তানকেও তার ন্যায্য পাওনা দিও। |
| All's well that ends well | সব ভালো যার শেষ ভালো বা শেষ রফাই রফা। |
| All things come to him who waits. | সবুরে মেওয়া ফলে। |
| A stitch in time saves nine. | সময়ের এক ফোঁড় অসময়ের দশ ফোঁড়। |
| Cheap goods are dear in the long run | সস্তার তিন অবস্থা। |
| Every dog has his day. | সুখ-সৌভাগ্যের দিন কারও চিরস্থায়ী হয় না। |
| God helps those who help themselves. | স্বাবলম্বী লোকদের ঈশ্বর সাহায্য করেন। |
| Patience is bitter, but its fruit is sweet. | সবুরে মেওয়া ফলে। |
| The leopard can't change its spots. | স্বভাব যায়না মরলে, আর ইজ্জৎ যায়না ধুলে। |
| Fools rush in where angels fear to tread. | হাতি ঘোড়া গেল তল, মশা বলে কত জল। |
| The anti-socials are still at large. | সমাজবিরোধীরা এখনো ধরা ছোঁয়ার বাহিরে। |
| A beggar must not be a chooser. | ভিক্ষার চাল কাঁড়া আর আকাঁড়া। |

## এক কথায় প্রশ্নোত্তর

১. **অনুবাদ প্রধানত কয় প্রকার?** [১৮ তম কলেজ শিক্ষক নিবন্ধন-২০২৪]
**উত্তর:** ২ প্রকার।

২. **"Put out the lamp" এর সঠিক বঙ্গানুবাদ কোনটি?**
**উত্তর:** প্রদীপটি নিভাও।

৩. **অনুবাদের পারদর্শিতা কীসের ওপর নির্ভরশীল?**
**উত্তর:** অভ্যাসের উপর।

৪. **'The window panes steamed up' এর যথাযথ বাংলা কোনটি?**
**উত্তর:** জানালার কাঁচ ঝাপসা হয়ে গেল।

৫. **'She burst into tears' বাক্যটির যথাযথ বঙ্গানুবাদ?**
**উত্তর:** সে কান্নায় ভেঙ্গে পড়ল।

৬. **'শিশুটির মুখে হাসি লেগেই আছে' এর সঠিক ইংরেজি কোনটি?**
**উত্তর:** The baby is always smiling।

৭. **Like priest, like pupil এর বাংলা প্রবচন কোনটি?**
**উত্তর:** যেমন গুরু, তেমন চেলা।

৮. **'ডাক্তার ডাক' এর সঠিক ইংরেজি অনুবাদ কোনটি?**
**উত্তর:** Call in a doctor।

৯. **'Breaking a butterfly on the wheel' এর বাংলা প্রবাদ কোনটি?**
**উত্তর:** মশা মারতে কামান দাগা।

## Teacher's Work

১. **Beat about the bush -এর সঠিক অনুবাদ:** [১৮ তম শিক্ষক নিবন্ধন(কলেজ পর্যায়)-২০২৪]
ক অথৈ সাগরে ভাসা
খ অন্ধের কিবা রাত্রি কিবা দিন
গ যেখানে দেখিবে ছাই উড়াইয়া দেখ তাই
ঘ তন্ন তন্ন করে খোঁজা

২. **ধূমপান স্বাস্থ্যের জন্য ক্ষতিকর– Correct translation in English:** [১৮ তম শিক্ষক নিবন্ধন(কলেজ পর্যায়)-২০২৪]
ক Smoking is bad for health.
খ Smoking is telling upon health.
গ Smoking was a bad habit.
ঘ Smoking is dangerous for health.

৩. **'Look before you leap' এর সঠিক অনুবাদ কোনটি?** [১৮তম শিক্ষক নিবন্ধন (স্কুল পর্যায়-২)-২০২৪, ১৭তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল পর্যায়)-২০২২]
ক লাফ দেওয়ার আগে তাকাও।
খ ভাবিয়া করিও কাজ।
গ দেখে তারপর লাফ দাও।
ঘ আকাশকুসুম ভাবিও না।

৪. **Patience has its reward-এ বাক্যের যথার্থ অনুবাদ-**[১৩তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল-২)-২০১৬]
ক সবুরে মেওয়া ফলে
খ রোগীর জন্য পুরস্কার আছে
গ রোগী পুরস্কার পেয়েছে
ঘ ধৈর্য্যের মূল্যায়ন হয়েছে

৫. **I cannot spare an instant- বাক্যটির সঠিক বাংলা অনুবাদ কোনটি?** [১৫তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১৯]
ক আমার তিলমাত্র সময় নেই
খ আমার একতিল সময় আছে
গ আমি এক মুহূর্ত অপব্যয় করতে পারি না
ঘ ওপরের কোনোটিই নয়

৬. **Early rising is beneficial to health এর সঠিক অনুবাদ কোনটি?** [১৭তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল-২)-২০২২
ক যারা সকালে ওঠে তাদের স্বাস্থ্য ভালো থাকে।
খ সকালে জাগলে চমৎকার স্বাস্থ্য হয়।
গ সকালে ওঠা স্বাস্থ্যবান ও প্রফুল্লতা দেয়।
ঘ সকালে ওঠা স্বাস্থ্যের জন্য ভালো।

৭. **Man gets as much as he wants- এর সঠিক বাংলা অনুবাদ কোনটি?** [১৪তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল-২)-২০১৭]
ক মানুষের চাওয়া বেশি, পাওয়া বেশি
খ মানুষ যত পায়, তত চায়
গ মানুষের চাওয়ার শেষ নেই
ঘ মানুষ যা চায় তা পায় না

৮. **Waste not, want not এর সঠিক অনুবাদ কোনটি?** [১২তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল/সমপর্যায়-২)-২০১৪]
ক অপচয় করলে অভাবে পড়তে হয়
খ অপচয় অভাবের মূল কারণ
গ অপচয় করোনা অভাবও হবে না
ঘ অভাব থেকে বাঁচার জন্য অপচয় রোধ জরুরি

## যতি বা ছেদচিহ্ন

### যতি বা ছেদ চিহ্ন নিয়ে বিস্তারিত আলোচনা

মুখের কথাকে লিখিত রূপ দেওয়ার সময়ে কম-বেশি থামা বোঝাতে যেসব চিহ্ন ব্যবহৃত হয়, সেগুলোকে যতিচিহ্ন বলে। বাংলা যতি বা ছেদচিহ্নকে বিরামচিহ্নও বলা হয়। বাংলা ভাষায় যতিচিহ্নের প্রবর্তক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। বাংলা ব্যাকরণে মোট ১৪টি যতিচিহ্ন রয়েছে (নবম-দশম শ্রেণীর নতুন বোর্ড বই অনুযায়ী, পূর্বে ছিল ১২টি)।

যথা: দাঁড়ি ( ।), কমা ( ,), সেমিকোলন (;), প্রশ্নচিহ্ন (?), বিস্ময়চিহ্ন ( !), হাইফেন (-), ড্যাশ (—), কোলন (:), বিন্দু (.), লোপচিহ্ন ('), ত্রিবিন্দু (...), উদ্ধারচিহ্ন বা উদ্ধরণচিহ্ন ('-', "-"), বন্ধনীচিহ্ন ((-)), ({-}), ([-]), বিকল্পচিহ্ন (/)।

নিচে বিভিন্ন প্রকার যতিচিহ্নের নাম, আকৃতি এবং তাদের বিরতি কালের পরিমাণ নির্দেশিত হলো :

| যতিচিহ্নের নাম | আকৃতি | বিরতি-কাল-পরিমাণ |
|---|---|---|
| কমা | , | ১ (এক) বলতে যে সময় প্রয়োজন |
| সেমিকোলন | ; | ১ বলার দ্বিগুণ সময়। |
| দাঁড়ি (পূর্ণচ্ছেদ) | । | এক সেকেন্ড। |
| জিজ্ঞাসাচিহ্ন | ? | ঐ |
| বিস্ময়চিহ্ন | ! | ঐ |
| কোলন | : | ঐ |
| কোলন ড্যাস | :- | ঐ |
| ড্যাস | - | ঐ |
| হাইফেন | – | থামার প্রয়োজন নেই। |
| ইলেক বা লোপচিহ্ন | ' | থামার প্রয়োজন নেই। |
| উদ্ধৃতিচিহ্ন | " " | 'এক' উচ্চারণ যে সময়। |
| ব্র্যাকেট (বন্ধনীচিহ্ন) | () | থামার প্রয়োজন নেই। |
| | {} | থামার প্রয়োজন নেই। |
| | [ ] | থামার প্রয়োজন নেই। |
| বিকল্পচিহ্ন | / | |
| বিন্দুচিহ্ন | . | |

## বিরাম বা যতি বা ছেদচিহ্নের ব্যবহার

### দাঁড়ি বা পূর্ণচ্ছেদ ( । )

বাক্যের শেষ বুঝাতে দাঁড়িচিহ্ন ব্যবহৃত হয়। যেমন: সাজু বাড়ি যাবে।

### কমা বা পাদচ্ছেদ ( ,)

বাক্যের মধ্যে যেখানে অল্প বিরতির প্রয়োজন হয়, সেখানে কমা ব্যবহৃত হয়।

ক. এক জাতীয় একাধিক পদ পরপর থাকলে শেষ পদটি ছাড়া অন্যান্য পদগুলোর পর কমা বসে। যেমন: চাল, ডাল, ধান ইত্যাদি।

খ. সম্বোধন পদের পরে কমা বসে। যেমন: সুমন, এদিকে এসো।

গ. জটিল বাক্যে অর্থাৎ অসমাপিকা ক্রিয়াযুক্ত বাক্যাংশের পরে কমা বসাতে হয়।

ঘ. উদ্ধরণ বা উদ্ধৃতিচিহ্নের পূর্ববর্তী পদের শেষে কমা বসে।

ঙ. তারিখ লিখতে বার ও মাসের পর কমা বসে।

চ. ঠিকানা লিখতে বাড়ি ও রাস্তার নম্বরের পর কমা বসে।

ছ. নামের পর ডিগ্রিসূচক পরিচয় লিখতে কমা বসে।

### সেমিকোলন বা অর্ধচ্ছেদ (;)

বাক্যে কমার চেয়ে একটু বেশি বিরতির প্রয়োজন হলে দুটি বাক্যের মাঝে সেমিকোলন বসে। যেমন: সোহাগ ক্রিকেট পছন্দ করে; আমি ফুটবল পছন্দ করি।

### প্রশ্নবোধক বা জিজ্ঞাসা চিহ্ন (?)

বাক্যে কোনো কিছু জানতে চাইলে বা জিজ্ঞাসা বুঝালে সে বাক্যের শেষে প্রশ্নবোধক বা জিজ্ঞাসা চিহ্ন বসে। যেমন: তোমার নাম কী?

### বিস্ময়সূচক চিহ্ন ( ! )

যে বাক্যে মনের আবেগ অর্থাৎ আনন্দ, দুঃখ, বেদনা, ঘৃণা ইত্যাদি প্রকাশ পায়, তার পরে বিস্ময়সূচক চিহ্ন বসে। যেমন: আহা! কী চমৎকার দৃশ্য।

### হাইফেন বা সংযোগ চিহ্ন (-)

যৌগিক বা সমাসবদ্ধ পদের অংশগুলো পৃথকভাবে দেখাতে হাইফেন বা সংযোগ চিহ্নের ব্যবহার হয়। যেমন: এ আমাদের শ্রদ্ধা-অভিনন্দন, আমাদের প্রীতি-উপহার।

### ড্যাস (–)

জটিল ও যৌগিক বাক্যে দুই বা ততোধিক বাক্যের সংযোগ বুঝাতে ড্যাস চিহ্ন ব্যবহৃত হয়। যেমন: তোমরা দরিদ্রের উপকার কর – এতে তোমাদের সম্মান যাবে না – বাড়বে।

### কোলন (:)

একটি অপূর্ণ বাক্যের পরে অন্য একটি বাক্যের অবতারণা করতে এবং উদাহরণে কোলন ব্যবহৃত হয়। যেমন: ভাষার দুটি রূপ: কথ্য ও লেখ্য। সবাই সাব্যস্ত হলো: এক মাস পরে নতুন সভাপতির নির্বাচন অনুষ্ঠিত হবে।

### বন্ধনী চিহ্ন () {} [ ]

অতিরিক্ত তথ্য উপস্থাপন ও কালনির্দেশের ক্ষেত্রে বন্ধনীর ব্যবহার হয়। বন্ধনী তিন প্রকার: প্রথম বন্ধনী (), দ্বিতীয় বন্ধনী {} ও তৃতীয় বন্ধনী []। যেমন: তিনি বাংলা ভাষার বিবর্তন (চর্যাপদের সময় থেকে পরবর্তী) নিয়ে আলোচনা করবেন।

### বিন্দু (.)

শব্দসংক্ষেপ, ক্রমনির্দেশ ইত্যাদি কাজে বিন্দু ব্যবহৃত হয়। যেমন: ড. মুহম্মদ শহীদুল্লাহ। ভাষার প্রধান উপাদান চারটি: ১. ধ্বনি, ২. শব্দ, ৩. বাক্য ও ৪. অর্থ।

### ত্রিবিন্দু (...)

কোনো অংশ বাদ দিতে চাইলে ত্রিবিন্দু ব্যবহার হয়। যেমন: তিনি রেগে গিয়ে বললেন, "তার মানে তুমি একটা...।" আমাদের ঐক্য বাইরের। ... এ ঐক্য জড় অকর্মক, সজীব সকর্মক নয়।

### বিকল্প চিহ্ন (/)

একটির বদলে অন্যটির সম্ভাবনা বোঝাতে বিকল্পচিহ্নের ব্যবহার হয়। যেমন: শুদ্ধ/ অশুদ্ধ চিহ্নিত করো।

**** নিম্নোক্ত যতিচিহ্ন গুলো পূর্বে ছিল, এখন নেই।**

### কোলন ড্যাস (:-)

উদাহরণ বা দৃষ্টান্ত দিতে কোলন ড্যাস ব্যবহৃত হয়। যেমন: উপসর্গ তিন প্রকার:- বাংলা, তৎসম ও বিদেশি।

### উদ্ধরণ/উদ্ধৃতি চিহ্ন (" ") (' ')

ক) অন্যের লেখার অবিকল উদ্ধৃতি দিতে অথবা উক্তির শুরুতে ও শেষে উদ্ধৃতি চিহ্ন ব্যবহার করা হয়।

খ) উদ্ধৃতি বা উক্তির মধ্যে অন্য উদ্ধৃতি বা উক্তি থাকলে ভিতরের অংশের শুরুতে ও শেষে উদ্ধৃতি চিহ্ন ব্যবহার করা হয়।

গ) কোনো বিশেষ্য শব্দ বা শব্দগুচ্ছ বা গ্রন্থের নাম লিখতে উদ্ধৃতি চিহ্ন বসে।

### ইলেক বা লোপ চিহ্ন (')

কোনো পদ বা শব্দের মধ্যে একটি বর্ণ লেখা না হলে বা লোপ পেলে এ চিহ্ন বসে।

### জোড় দাঁড়ি ||

প্রাচীন ও মধ্য যুগের বাংলা সাহিত্যে জোড় দাঁড়ির ব্যবহার ছিল। এখন এর ব্যবহার নেই।

## এক কথায় প্রশ্নোত্তর

১. **বাংলা সাহিত্যে যতি চিহ্নের প্রবর্তক কে?**
উত্তর: ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।

২. **বর্তমানে মোট যতি চিহ্ন কতটি?**
উত্তর: ১৪টি।

৩. **'পাদচ্ছেদ' বলা হয় কোন যতি চিহ্নকে?**
উত্তর: কমা।

৪. **দুটি বাক্যের মধ্যে অর্থের সম্বন্ধ থাকলে কোন বিরামচিহ্ন বসে?**
উত্তর: সেমিকোলন।

৫. **বাংলা বাক্যের শেষে ব্যবহৃত হয়, এমন বিরামচিহ্নের সংখ্যা কতটি?**
উত্তর: ৩টি।

৬. **বাক্যের পরিসমাপ্তি বুঝাতে কোন চিহ্ন বসে?**
উত্তর: দাঁড়ি।

৭. **'উদ্ধৃতি চিহ্ন' কোথায় বসে?**
উত্তর: সংলাপে।

৮. **ইলেক বা লোপ চিহ্ন দিতে হয়-**
উত্তর: বিলুপ্ত বর্ণের জন্য।

## Teacher's Work

১. **কমা অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে কোন বিরাম চিহ্ন বসে?** [১৮ তম শিক্ষক নিবন্ধন(কলেজ পর্যায়)-২০২৪]
ক দাড়ি　খ কোলন　গ সেমিকোলন　ঘ ড্যাস

২. **বাংলা ভাষার যতি বা ছেদ চিহ্ন মোট কয়টি?** [১৮ তম শিক্ষক নিবন্ধন(স্কুল পর্যায়)-২০২৪]
ক ৯টি　খ ১০টি　গ ১১টি　ঘ ১২টি
[বর্তমানে বিরাম চিহ্ন ১৪ টি]

৩. **হাইফেন কোথায় বসে?** [১৮ তম শিক্ষক নিবন্ধন(স্কুল পর্যায়-২)-২০২৪]
ক দুই বাক্যের সংযোগ দেখাতে।　খ দুই শব্দের সংযোগ দেখাতে।　গ বাক্যে উদ্ধৃতি প্রয়োগ করতে।　ঘ উক্তি বা প্রত্যুক্তি বোঝাতে

৪. **কোনো অংশ বাদ দিতে চাইলে কোন চিহ্ন বসবে?** [১৮ তম শিক্ষক নিবন্ধন(স্কুল পর্যায়-২)-২০২৪]
ক কমা　খ কোলন　গ সেমিকোলন　ঘ ত্রিবিন্দু

৫. **বাক্যে বিস্ময়সূচক ( ! ) চিহ্ন থাকলে কতক্ষণ থামতে হয়?** [১৩তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১৬]
ক দুই সেকেন্ড　খ এক সেকেন্ড　গ তিন সেকেন্ড　ঘ চার সেকেন্ড

৬. **বাক্যে সেমিকোলন (;) থাকলে কতক্ষণ থামতে হয়?** [১১তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১৪]
ক ১ বলতে যে সময় লাগে　খ ১ বলার দ্বিগুণ সময়　গ ১ সেকেন্ড　ঘ ২ সেকেন্ড

## Student Practice

১. **শুদ্ধ বানান কোনটি?**
ক পুরষ্কার　খ পুরঃস্কার
গ পুরস্কার　ঘ পুরুস্কার　গ

২. **কোন বানানটি শুদ্ধ?**
ক মনমুগ্ধকর　খ মনোমুগ্ধকর
গ মনোঃমুগ্ধকর　ঘ মনোমুগ্ধঃকর　খ

৩. **প্রমিত বানানরূপ–**
ক গলাধঃকরণ　খ গলধকরণ
গ গলধঃকরণ　ঘ গলাধকরণ　ক

৪. **কোনটি শুদ্ধ বানান?**
ক ঘূর্নায়মান　খ ঘুর্ণায়মান
গ ঘূর্ণায়মান　ঘ ঘুর্নায়মান　গ

৫. **কোনটি শুদ্ধ বানান?**
ক গীতাঞ্জলী　খ গিতাঞ্জলী
গ গীতাঞ্জলি　ঘ গিতাঞ্জলি　গ

৬. **শুদ্ধ বানান কোনটি?**
ক মুহুর্ত　খ মুহূর্ত
গ মূহূর্ত　ঘ মুহূর্ত　খ

৭. **কোন বানানটি শুদ্ধ?**
ক সমভিব্যহারে　খ সমবিব্যাহারে
গ সমভিব্যাহারে　ঘ সমবিব্যাহারে　গ

৮. **কোন বাক্যটি শুদ্ধ?**
ক জ্ঞানি মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর
খ জ্ঞানি মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠ
গ জ্ঞানি মূর্খতা অপেক্ষা শ্রেষ্ঠ
ঘ জ্ঞানী মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ　ঘ

৯. **শুদ্ধ বাক্য নির্দেশ করুন।**
ক আমি চাক্ষুষ প্রত্যক্ষ করেছি　খ তিনি স্বস্ত্রীক এসেছে
গ তিনি সাক্ষ্য দেবেন না　ঘ তার কতায় মাধুর্যতা নেই　গ

১০. শুদ্ধ বাক্য নির্দেশ করুন–
ক দৈন্যতা প্রশংসনীয় নয় খ দীনতা প্রশংসনীয় নয়
গ দৈন্যতা নিন্দনীয় ঘ দৈন্যতা অপ্রশংসনীয় খ

১১. বাক্যের ক্ষুদ্রতম একক কী?
ক উক্তি খ বিভক্তি
গ উপসর্গ ঘ শব্দ ঘ

১২. একটি আর্দশ বাক্যে কয়টি গুণ থাকা আবশ্যক?
ক ২ খ ৩ গ ৪ ঘ ৫ খ

১৩. বাক্যের অর্থসঙ্গতি রক্ষার জন্য সুশৃঙ্খল পদবিন্যাসই হলো-
ক মাধুর্য খ আসত্তি
গ আকাঙ্ক্ষা ঘ যোগ্যতা খ

১৪. 'আসত্তি' শব্দের অর্থ-
ক আসক্তি খ অনুরাগ
গ নৈকট্য ঘ যুক্ত গ

১৫. 'অরণ্যে রোদন' না বলে 'বনে ক্রন্দন' বললে বাক্যটি কী হারাবে?
ক আকাঙ্ক্ষা খ আসত্তি
গ যোগ্যতা ঘ উদ্দেশ্য গ

১৬. 'উৎকর্ষতা' কী কারণে অশুদ্ধ?
ক সন্ধিজনিত খ প্রত্যয়জনিত
গ উপসর্গজনিত ঘ বিভক্তিজনিত খ

১৭. শুদ্ধ বাক্যটি চিহ্নিত করুন–
ক বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর খ বিদ্যান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠ
গ বিদ্যান মুর্খ অপেক্ষা ভাল ঘ বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ ঘ

১৮. 'আমার হৃদয় মন্দিরে আশার বীজ উপ্ত হলো'- বাক্যটিতে কোন দোষ আছে?
ক বাগধারার দোষ খ গুরুচণ্ডালী দোষ
গ উপমার ভুল প্রয়োগ ঘ বাহুল্য দোষ গ

১৯. 'শবপোড়া' শব্দটির কী দোষ দেখা যায়?
ক আকাঙ্ক্ষার প্রয়োগে ভুল খ উপমার প্রয়োগে ভুল
গ দুর্বোধ্যতা ঘ গুরুচণ্ডালী ঘ

২০. "কে কোথা হইতে শব্দ করিতেছে, তাহাও জানিবার উপায় নাই"- কোন শ্রেণির বাক্য?
ক যৌগিক বাক্য খ জটিল বাক্য
গ সরল বাক্য ঘ অনুজ্ঞা খ

২১. 'ভাবিতে উচিত ছিল প্রতিজ্ঞা যখন'- এটি কোন ধরনের বাক্য?
ক সরল খ জটিল
গ যৌগিক ঘ খণ্ড ঘ

২২. 'খাঁটি সোনার চাইতে খাঁটি, আমার দেশের মাটি'- এটি কোন ধরনের বাক্য?
ক সরল খ জটিল
গ যৌগিক ঘ মিশ্র খ

২৩. 'যে-ই তার দর্শন পেলাম, সে-ই আমরা প্রস্থান করলাম'- এটি কোন জাতীয় বাক্য?
ক সরল বাক্য খ যৌগিক বাক্য
গ মৌলিক বাক্য ঘ মিশ্র বাক্য ঘ

২৪. 'পরীক্ষায় উত্তর লিখব, অথচ কলমে কালি ফুরিয়ে গেল'- কোন ধরনের বাক্য?
ক সরল খ জটিল
গ যৌগিক ঘ নেতিবাচক গ

২৫. নিচের কোনটি যৌগিক বাক্য?
ক দোষ স্বীকার করলে তোমাকে শাস্তি দেওয়া হবে না।
খ তিনি বেড়াতে এসে কেনাকাটা করলেন।
গ মহৎ মানুষ বলে সবাই তাঁকে সম্মান করেন।
ঘ ছেলেটি চঞ্চল তবে মেধাবী। ঘ

২৬. 'তবু না বলা কথাটি সবাই মেনে নেয়'- বাক্যটির নেতিবাচক রূপ-
ক তবু না বলা কথাটি সবাই মেনে নেয় না।
খ তবু না বলা কথাটি সবাই মেনে না নিয়ে পারে না।
গ তবু না বলা কথাটি সবার না মানার উপায় থাকে না।
ঘ তবু না বলা কথাটি সবার মানতে হয়। খ

২৭. 'Barren' শব্দের অর্থ-
ক ঊষর খ উর্বর
গ দেয়াল ঘ লাজুক ক

২৮. 'Prominent' শব্দের সঠিক অর্থ কোনটি?
ক উল্লেখযোগ্য খ অবদমিত
গ কষ্টার্জিত ঘ নমনীয় ক

২৯. 'Provoke' শব্দের সঠিক অর্থ কোনটি?
ক নিন্দা করা খ উসকানি দেওয়া
গ বিরত রাখা ঘ ঘৃণা করা খ

৩০. 'Curtail' শব্দের সঠিক অর্থ কোনটি?
ক সংক্ষিপ্ত করা খ শুরু
গ চোখ বুলানো ঘ প্রচুর ক

৩১. Civil Society শব্দের পরিভাষা নিচের কোনটি?
ক সভ্য সমাজ খ সুশীল সমাজ
গ বেসামরিক সমাজ ঘ সামরকি সমাজ খ

৩২. 'Constipation' শব্দের বাংলা অর্থ-
ক সংবিধান খ নির্বাচনী এলাকা
গ রুক্ষ ঘ কোষ্ঠকাঠিন্য ঘ

৩৩. Dilly dally এর অর্থ কী?
ক ছলনা করা খ তাড়াহুড়া করা
গ অযথা দেরি করা ঘ তোষামোদ করা গ

৩৪. 'Executive' এর পরিভাষা-
ক মনোযোগী খ নির্বাহী
গ উর্ধ্বতন কর্মকর্তা ঘ ব্যবস্থাপক খ

৩৫. Scarcity-শব্দের বাংলা পরিভাষা–
ক স্থূল খ প্রাচুর্য
গ স্বল্পতা ঘ কর্কশ গ

৩৬. Transliteration এর পরিভাষা-
ক অনুবাদ করণ খ বর্ণীকরণ
গ বর্ণান্তর ঘ প্রতিবর্ণীকরণ ঘ

৩৭. 'Wisdom' শব্দের বাংলা অর্থ কী?
ক জ্ঞান খ প্রজ্ঞা গ বুদ্ধিমান ঘ শিক্ষা খ

৩৮. Quotation এর পারিভাষিক শব্দ কোনটি?
ক মূল্যজ্ঞাপন খ দরপত্র
গ প্রকাশ ঘ তালিকা ক

৩৯. 'Insomnia' শব্দটির বাংলা পারিভাষিক রূপ হলো-
ক দুশ্চিন্তা খ বায়ুরোগ
গ অনিদ্রা ঘ কর্কটরোগ গ

৪০. ‘yellow dog’ এর সঠিক বাংলা কোনটি?
ক অসহায় ব্যক্তি  খ দুর্বল ব্যক্তি
গ হীন ব্যক্তি  ঘ দুশ্চরিত্র ব্যক্তি  **গ**

৪১. ‘Ameliorate’ এর বাংলা পরিভাষা হলো-
ক অনন্য  খ উৎকর্ষ সাধন
গ অভূতপূর্ব  ঘ অকুতোভয়  **খ**

৪২. The anti-socials are still at large- এর বঙ্গানুবাদ নিচের কোনটি সঠিক?
ক সমাজবিরোধীরা এখন বেশ দুরে
খ সমাজ বিরোধী দল এখন বেশ বড়
গ সমাজবিরোধীরা এখনো ধরা ছোঁয়ার বাহিরে
ঘ সমাজ বিরোধী দল এখন বেশ ছোট  **গ**

৪৩. A bad workman quarrels with his tools- বাক্যটির সঠিক অনুবাদ কোনটি?
ক যত গর্জে তত বর্ষে না
খ নাচতে না জানলে উঠোন বাঁকা
গ আপনি ভাল তো জগৎ ভাল
ঘ যেমন কর্ম তেমন ফল  **খ**

৪৪. ইংরেজি থেকে বাংলা অনুবাদ কর: He lives from hand to mouth-
ক সে হাত দিয়ে খায়  খ সে হাত দিয়ে খাইয়ে দিল
গ সে সব সময় আহার করে  ঘ কোনোটিই নয়  **ঘ**

৪৫. He was taken to task- এর বাংলা কী?
ক তাকে কাজ দেয়া হয়েছিল
খ তাকে কাজের জন্য বলা হয়েছিল
গ সে কাজ নিয়েছিল
ঘ তাকে তিরস্কার করা হয়েছিল  **ঘ**

৪৬. ‘Self-preservation is the first law of nature’- ইংরেজি ভাষার এ প্রবচনটির প্রায় অনুরূপ বাংলা প্রবচন কী?
ক আপন বুদ্ধিতে তর, পরের বুদ্ধিতে মর
খ চাচা আপন প্রাণ বাঁচা
গ আপন ভালো পাগলেও বোঝে
ঘ আপন পাঁঠা লেজে কাটি  **খ**

৪৭. He has gone to dogs- বাক্যটির যথার্থ অনুবাদ কী?
ক তাকে পাগলা কুকুরে ধরেছে
খ তার মাথা খারাপ হয়েছে
গ সে গোল্লায় গেছে
ঘ সে এখন লাপাত্তা  **গ**

৪৮. একাধিক স্বাধীন বাক্য একটি বাক্যে লিখতে সেগুলোর মাঝখানে কোন চিহ্ন বসে?
ক হাইফেন  খ সেমিকোলন
গ ড্যাস  ঘ কমা  **খ**

৪৯. কোন যতিচিহ্ন বাক্যের মধ্যকার বিরতি-কাল নির্দেশ করে?
ক হাইফেন  খ লোপ  গ সেমিকোলন  ঘ বন্ধনী  **গ**

৫০. ‘কী বললে, আমি পাগল — শূন্য স্থানে বসবে-
ক ড্যাস  খ বিস্ময় চিহ্ন
গ দাঁড়ি  ঘ প্রশ্নবোধক চিহ্ন  **খ**

৫১. কোনো কথার দৃষ্টান্ত বা বিস্তার বোঝাতে কী বসে?
ক হাইফেন  খ ড্যাস  গ সেমিকোলন  ঘ কমা  **খ**

৫২. ইলেক বা লোপ চিহ্ন দিতে হয়-
ক বিলুপ্ত বর্ণের জন্য  খ প্রত্যক্ষ উক্তির জন্য
গ উদ্ধরণ চিহ্নের পূর্বে  ঘ সমাসবদ্ধ পদের জন্য  **ক**

৫৩. পাঠের বর্জনকৃত অংশ নির্দেশে ব্যবহৃত হয়-
ক ’-চিহ্ন  খ ()-চিহ্ন  গ ... চিহ্ন  ঘ “ ” চিহ্ন  **গ**

৫৪. কোনটি বিরাম চিহ্ন নয়?
ক -  খ ,  গ ঃ  ঘ ;  **গ**



## Home Work

NTRCA চাকুরি প্রত্যাশীদের জন্য বিগত বিভিন্ন নিয়োগ পরীক্ষায় আসা প্রশ্নগুলো থেকে গুরুত্বপূর্ণ প্রশ্নগুলো বাছাই করে এবং সাম্প্রতিক প্রশ্নোত্তর সংযোজনে সাজানো হয়েছে। যা মনে রাখতে পারলে শতভাগ কমন থাকবে।

১. ‘Pedagogy’ শব্দের পরিভাষা– [৪৬তম বিসিএস]
ক সহশিক্ষা  খ নারীশিক্ষা  গ শিক্ষাতত্ত্ব  ঘ শিক্ষানীতি  **ঘ**

২. বাংলা একাডেমির ‘প্রমিত বাংলা বানানের নিয়ম’ কত সালে প্রণীত হয়? [৪৬তম বিসিএস]
ক ১৯৯০  খ ১৯৯২  গ ১৯৯৪  ঘ ১৯৯৬  **খ**

৩. কোন বানানটি শুদ্ধ? [৪৬তম বিসিএস]
ক মুলো  খ মুলা  গ ধুলি  ঘ ধূলো  **খ**

৪. What is the bengali meaning of- ‘time is up’ [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (১ম পর্যায়)-২০২৩]
ক সময়সীমা  খ মূল্যহীন
গ সময় আছে  ঘ সময় শেষ  **ঘ**

৫. অনুবাদ কত প্রকার? [১৮তম শিক্ষক নিবন্ধন (স্কুল পর্যায়)-২০২৪]
ক ২ প্রকার  খ ৩ প্রকার  গ ৪ প্রকার  ঘ ৫ প্রকার  **ক**

৬. Pen through the line এর সঠিক অনুবাদ [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (২য় পর্যায়)-২০২৪]
ক লাইনটি মুছে দাও  খ লাইনের উপর কলম ছোড়া
গ লাইন বরাবর কলম চালানো
ঘ লাইনটি কেটে দাও  **ঘ**

৭. Forgery শব্দের বাংলা পরিভাষা কী? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (৩য় পর্যায়)-২০২৪]
ক জালিয়াতি  খ তছরুপ  গ বাজেয়াপ্ত  ঘ পূর্বাভাস  **ক**

৮. ‘Book Post’ এর পারিভাষিক রূপ কোনটি? [১৮তম শিক্ষক নিবন্ধন (স্কুল পর্যায়)-২০২৪]
ক ডাকঘর  খ খোলা ডাক
গ উপবিধি  ঘ লেখস্বত্ব  **খ**

৯. কোন বানানটি শুদ্ধ? [১৮তম শিক্ষক নিবন্ধন (স্কুল পর্যায়)-২০২৪]
ক শ্রদ্ধাঞ্জলী  খ দারিদ্র্যতা  গ বৈশিষ্ট  ঘ উপর্যুক্ত  **ঘ**

১০. "A bolt from the blue"- বাক্যটির সঠিক বাংলা অনুবাদ কোনটি? [১৮তম শিক্ষক নিবন্ধন (স্কুল পর্যায়)-২০২৪]
ক) যতো গর্জে ততো বর্ষে না খ) গরিবের ঘোড়া রোগ
গ) বিনা মেঘে বজ্রপাত ঘ) অতিলোভে তাতি নষ্ট গ

১১. কোন বানানটি শুদ্ধ? [১৮তম শিক্ষক নিবন্ধন (স্কুল পর্যায়-২)-২০২৪]
ক) আশীষ খ) শিরচ্ছেদ গ) দ্বন্দ্ব ঘ) মুমুর্ষূ গ

১২. নিচের কোন বাক্যরূপটি শুদ্ধ? [১৮তম শিক্ষক নিবন্ধন (স্কুল পর্যায়-২)-২৪]
ক) অশ্রুজলে চোখ ভেসে গেলো।
খ) সৎ চরিত্রের লোক সকলের প্রিয়।
গ) অঙ্ক করিতে ভুল করিওনা।
ঘ) আমি ঘটনাটি চাক্ষুষ প্রত্যক্ষ করেছি। খ

১৩. 'Ratio' শব্দটির পারিভাষিক রূপ কোনটি? [১৮তম শিক্ষক নিবন্ধন (কলেজ পর্যায়)'২৪]
ক) নিত্যক্রম খ) ভগ্নাংশ গ) অনুপাত ঘ) সারি গ

১৪. নিচের কোন বানানগুচ্ছ সঠিক? [বাংলাদেশ রেলওয়ে (বুকিং সহকারী) -২০২৪]
ক) মুহর্মুহ, ব্যাতয়, মৃত্যুত্তীর্ণ খ) মুহুর্মুহু, ব্যাত্যয়, মৃতুত্তীন
গ) মুহুর্মুহু, ব্যত্যয়, মৃত্যুত্তীর্ণ ঘ) মূহুর্মুহ, ব্যতয়, মৃত্যুত্তীর্ণ গ

১৫. নিচের কোনটি অশুদ্ধ বানান? [জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ হিসাব সহকারী -২০২৪]
ক) কুল খ) কূল
গ) উচিৎ ঘ) ভবিষ্যৎ গ

১৬. নিচের কোনটি অশুদ্ধ বানান [জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ হিসাব সহকারী -২০২৪]
ক) প্রতিযোগী খ) প্রতিযোগীতা
গ) ভীরু ঘ) সুশীল খ

১৭. নিচের কোন বানানটি সঠিক [জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ হিসাব সহকারী -২০২৪]
ক) পুরষ্কার খ) পরিস্কার
গ) সুষ্ঠ ঘ) সুষ্ঠু ঘ

১৮. নিচের কোনটি অশুদ্ধ বানান [জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ হিসাব সহকারী -২০২৪]
ক) প্রতিষ্ঠা খ) ভুমিষ্ঠ
গ) অষ্টম ঘ) আশ্চর্য খ

১৯. নিচের কোন বানানটি শুদ্ধ? [জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ হিসাব সহকারী -২০২৪]
ক) ইতিপূর্বে খ) ইতোপূর্বে
গ) ইতিমধ্যে ঘ) ইতোমধ্যে ঘ

২০. কোনটি অশুদ্ধ? [হোম ইকোনমিস্ট (নিপোর্ট পদের পরীক্ষা)-২০২৪]
ক) বুদ্ধিজীবী খ) অন্তর্লীন
গ) উপাচার ঘ) তেজস্ক্রিয়তা গ

২১. 'Rank' শব্দের বাংলা পরিভাষা কী? [৪৫তম বিসিএস]
ক) পদ খ) পদমর্যাদা
গ) মাত্রা ঘ) উচ্চতা খ

২২. শুদ্ধ বানানের গুচ্ছ কোনটি? [৪৫ তম বিসিএস ,বাংলাদেশ রেলওয়ে টিকিট কালেক্টর'২৪]
ক) শিরোশ্চেদ, দারিদ্র, সমীচিন
খ) শিরঃশ্ছেদ, দরিদ্রতা, সমীচীন
গ) শিরশ্ছেদ, দরিদ্রতা, সমীচীন
ঘ) শিরচ্ছেদ, দরিদ্রতা, সমীচীন গ

২৩. ভুল বানান কোনটি? [৪৩ তম বিসিএস]
ক) ভূবন খ) অন্তঃসার
গ) মুহূর্ত ঘ) অদ্ভুত ক

২৪. সঠিক বানান নয় কোনটি? [৪২তম বিসিএস (বিশেষ)]
ক) ধরণি খ) মূর্ছা
গ) গুণ ঘ) প্রানী ঘ

২৫. কোনটি শুদ্ধ নয়? [৪২তম বিসিএস (বিশেষ)]
ক) যন্ত্রনা খ) শূদ্র
গ) সহযোগিতা ঘ) স্বতঃস্ফূর্ত ক

২৬. কোন বানানটি শুদ্ধ? [৪১তম বিসিএস]
ক) পুরষ্কার খ) আবিস্কার
গ) সময়পোযোগী ঘ) স্বত্ব ঘ

২৭. কোন বানানটি শুদ্ধ? [৪১তম বিসিএস]
ক) মনোকষ্ট খ) মনঃকষ্ট
গ) মণকষ্ট ঘ) মনকস্ট খ

২৮. কোনটি শুদ্ধ বানান? [৪০তম বিসিএস]
ক) প্রজ্বল খ) প্রোজ্জল
গ) প্রোজ্বল ঘ) প্রোজ্জ্বল ঘ

২৯. "পুরষ্কার বিতরণী অনুষ্ঠানের পরিবেশ এত অপরিষ্কার"! –বাক্যটির নিম্নরেখ পদে ষ/ স ব্যবহারে– [৩৫তম বিসিএস]
ক) প্রথমটি অশুদ্ধ, দ্বিতীয়টি শুদ্ধ
খ) প্রথমটি শুদ্ধ, দ্বিতীয়টি অশুদ্ধ
গ) দুটোই অশুদ্ধ
ঘ) দুটোই শুদ্ধ গ

৩০. কোনটি শুদ্ধ শব্দ? [৩৫তম বিসিএস]
ক) স্বশুর খ) শ্বসুর
গ) শশুর ঘ) শ্বশুর ঘ

৩১. কোন বানানটি শুদ্ধ নয়? [৩৩তম বিসিএস]
ক) দরিদ্রতা খ) উপযোগিতা
গ) শ্রদ্ধাঞ্জলি ঘ) উর্দ্ধ ঘ

৩২. কোন বানানটি শুদ্ধ? [৩৩ তম বিসিএস]
ক) পিপিলিকা খ) পিপীলিকা
গ) পীপিলিকা ঘ) পিপিলীকা খ

৩৩. কোনটি শুদ্ধ বানান? [৩২তম বিসিএস]
ক) আকাংখা খ) আকাঙ্ক্ষা
গ) আকাঙ্খা ঘ) আকাংক্ষা খ

৩৪. কোনটি শুদ্ধ বানান? [২৫তম বিসিএস ]
ক) দন্দ খ) দ্বন্দ
গ) দ্বন্দ্ব ঘ) দণ্ব গ

৩৫. শুদ্ধ বানানের শব্দগুচ্ছ সনাক্ত করুন– [২৩তম বিসিএস]
ক) ভবিষ্যত, ভৌগলিক, যক্ষ
খ) যশলাভ সদ্যোজাত, সম্বর্ধনা
গ) স্বায়ত্তশাসন, অভ্যন্তর, জন্মবার্ষিক
ঘ) ঐক্যতান, কেবলমাত্র, উপরোক্ত গ

৩৬. কোন বানানটি শুদ্ধ? [২১তম বিসিএস ]
ক) সূচিস্মিতা খ) সূচিস্মিতা
গ) সূচীস্মিতা ঘ) শুচিস্মিতা ঘ

৩৭. কোন বানানটি শুদ্ধ? [২০তম বিসিএস; বেপজা (BEPZA)-এর সহকারী ব্যবস্থাপক'২১]
ক) শুশ্রুষা খ) সুশ্রুষা
গ) শুশ্রূষা ঘ) সুশ্রূসা গ

৩৮. 'Notification'-এর বাংলা পরিভাষা কোনটি? [৪২তম বিসিএস (বিশেষ); South-East Bank Ltd. (TO) : 2019]
ক) বিজ্ঞাপন খ) বিজ্ঞপ্তি
গ) বিজ্ঞপ্তি ফলক ঘ) প্রজ্ঞাপন ঘ

**৩৯. 'Attested'-এর বাংলা পরিভাষা কোনটি?** [৪৩তম; ৪০তম বিসিএস]
ক সত্যায়িত খ প্রত্যায়িত
গ সত্যায়ন ঘ সংলগ্ন/সংলাপ — ক

**৪০. 'Consumer goods'- এর উপযুক্ত বাংলা পরিভাষা কী?** [৩৫তম বিসিএস]
ক ভোক্তার কল্যাণ খ ক্রয়কৃত পণ্য
গ ভোগ্যপণ্য ঘ ক্রেতার গুণাগুণ — গ

**৪১. Forgery শব্দের বাংলা পরিভাষা কী?** [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা(৩য় পর্যায়)-২০২৪]
ক জালিয়াতি খ তছরুপ
গ বাজেয়াপ্ত ঘ পূর্বাভাস — ক

**৪২. 'Proletariat' শব্দটির সঠিক বাংলা কী?** [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা(৩য় পর্যায়)-২০২৪]
ক রাজগোষ্ঠী খ বিপদাপন্ন
গ সর্বহারা ঘ সাহিত্যিক — গ

**৪৩. Pragmatic শব্দের অর্থ কী?** [বাংলাদেশ ডাক বিভাগ (পোস্টম্যান/ রানার/ অফিস সহায়ক)'২৪]
ক বাস্তবধর্মী খ অগ্রবর্তী গ অবাস্তব ঘ অসাধারণ — ক

**৪৪. 'Null and Void'- এর বাংলা পরিভাষা কোনটি?** [বা. নি. ক (অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক)'২৩]
ক বাতিল খ পালাবদল গ মামুলি ঘ নিরপেক্ষ — ক

**৪৫. কোন বানানটি শুদ্ধ?** [বাংলাদেশ সরকারি কর্মকমিশন (BPSC), স্টাফ অফিসার-'২৩]
ক বুদ্ধিজীবী খ বুদ্ধিজিবী গ বুদ্ধিজিবি ঘ বুদ্ধীজীবী — ক

**৪৬. কোন বানানটি শুদ্ধ?** [বাংলাদেশ কর্মসংস্থান ব্যাংক, সহকারী অফিসার (সাধারণ/ক্যাশ)-'২৩]
ক কনীনিকা খ কনিনীকা
গ কণিনিকা ঘ কনিনিকা — ক

**৪৭. নিচের কোন শব্দটির বানান অশুদ্ধ?** [বাংলাদেশ সুপ্রিমকোর্ট (হাইকোর্ট বিভাগ), প্রটোকল অফিসার-'২৩]
ক আয়ত্ত খ কিংবদন্তি
গ দুর্গা ঘ সূক্ষ — ঘ

**৪৮. কোনটি শুদ্ধ বানান?** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (BREB), সহকারী জুনিয়র ইঞ্জিনিয়ার-'২৩; বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, মিটার রিডার-'২৩]
ক ইন্দ্রজালিক খ ঈন্দ্রজালীক
গ ঐন্দ্রজালীক ঘ ঐন্দ্রজালিক — ক, ঘ

**৪৯. কোন বানানটি সঠিক?** [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, অফিস সহায়ক-'২৩, পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা : ২০১৭]
ক মুর্ধন্য খ মুর্ধণ
গ মূর্ধন্য ঘ মুর্ধণ্য — গ

**৫০. নিচের কোন বানানটি সঠিক?** [স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (LGED), কার্যসহকারী-'২৩]
ক বৈদ্যুতীকরণ খ বৈদ্যুতিকরণ
গ বিদ্যুতকরণ ঘ বিদ্যুতিকরণ — খ

**৫১. নিচের কোন বানানটি শুদ্ধ?** [জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (NSI), ফিল্ড অফিসার-'২৩]
ক মুমূর্ষু খ মূর্ধণ্য
গ ন্যূনতম ঘ চাহণ — গ

**৫২. কোনটি শুদ্ধ বানান?** [পূবালী ব্যাংক লি. প্রবেশনারি জুনিয়র অফিসার-'২৩]
ক সরকারী খ পদবী
গ খেয়ালি ঘ মিতালী — গ

**৫৩. কোন বানানটি সঠিক?** [প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর এবং ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর-'২৩]
ক স্বায়ত্তশাসন খ স্বায়ত্ত্বশাসন
গ সায়ত্ত্বশাসন ঘ সায়ত্তশাসন — ক

**৫৪. নিচের কোনটি শুদ্ধ বানান?** [প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর এবং ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর-২০২৩]
ক মহর্সি খ মহর্ষি
গ মহর্ষী ঘ মহর্শি — খ

**৫৫. কোন বানানটি শুদ্ধ?** [প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, কম্পিউটার অপারেটর/সাঁটলিপিকার/উচ্চমান সহকারী-'২৩]
ক ভূমিষ্ট খ ভুমিষ্ট গ ভূমীষ্ট ঘ ভূমিষ্ঠ — ঘ

**৫৬. কোন বানানটি শুদ্ধ?** [বাংলাদেশ কর্মসংস্থান ব্যাংক, ডাটা এন্ট্রি অপারেটর-'২৩]
ক গীতাঞ্জলি খ গীতাঞ্জলী
গ গিতাঞ্জলি ঘ গিতাঞ্জলী — ক

**৫৭. কোনটি শুদ্ধ বানান?** [মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি, সহকারী পরিচালক-'২৩]
ক নিরপরাধী খ নিরোপরাধী
গ নিরপরাধি ঘ নিরপরাধ — ঘ

**৫৮. কোন বানানটি সঠিক?** [বা.প.বি.বো. (কম্পিউটার মুদ্রাক্ষরিক কাম-অফিস সহকারী)'২৩]
ক নীরিক্ষণ খ নীরিক্ষন গ নিরীক্ষণ ঘ নীরীক্ষন — গ

**৫৯. কোন বানানটি শুদ্ধ?** [স্বা.গ প্র.অ. (কার্যসহকারী)'২৩]
ক মহিয়াস খ মহীয়সী গ মহিয়সী ঘ মহীয়সি — খ

**৬০. নিচের কোন বানানটি শুদ্ধ নয়?** [কা.কি.অ. (ফিজিক্যাল এডুকেশন ইন্সট্রাক্টর)'২৩]
ক বন্দ্যোপাধ্যায় খ পক্ব
গ চট্টোপাধায় ঘ সংশয় — গ

**৬১. নিচের কোন বাক্যটি প্রয়োগগত দিক থেকে শুদ্ধ?** [৪৪তম বিসিএস]
ক আমি কারও সাতেও নেই, সতেরোতেও নেই।
খ আপনি স্বপরিবারে আমন্ত্রিত।
গ তার দু'চোখ অশ্রুতে ভেসে গেল।
ঘ সারা জীবন ভূতের মজুরি খেটে মরলাম। — গ

**৬২. কোনটি শুদ্ধ?** [পূবালী ব্যাংক লি. প্রবেশনারি সিনিয়র অফিসার-'২৩]
ক ছেলেটি দুর্দান্ত মেধাবী খ সূর্য উদয় হয়েছে
গ দৈন্য প্রশংসনীয় নয় ঘ সকল ছাত্ররা উপস্থিত আছে — গ

**৬৩. কোন বাক্যটি শুদ্ধ?** [সাধারণ বীমা কর্পোরেশন, উচ্চমান সহকারী-'২৩]
ক দৈন্যতা সর্বদা মহত্ত্বের পরিচায়ক নয়
খ দৈন্য সর্বদা মহত্ত্বের পরিচায়ক নয়
গ দৈন্যতা সর্বদা মহত্ত্বে পরিচায়ক নয়
ঘ কোনোটিই নয় — খ

**৬৪. প্রমিত বাংলা বানানের নিয়ম চালু করেন-** [বাংলাদেশ কর্মসংস্থান ব্যাংক, সহকারী অফিসার (সাধারণ/ক্যাশ)-'২৩]
ক বাংলাদেশ সরকার খ এশিয়াটিক সোসাইটি
গ বাংলা একাডেমি ঘ শিল্পকলা একাডেমি — গ

**৬৫. কোন বানানটি শুদ্ধ?** [বা.প.উ.বো. (সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা)'২৩]
ক আভ্যন্তরীণ খ আভ্যন্তরীন
গ অভ্যন্তরীণ ঘ অভ্যন্তরীন — গ

**৬৬. কোন বাক্যটি শুদ্ধ?** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, মিটার রিডার-'২৩]
ক তাহার জীবন সংশয়পূর্ণ খ তাহার জীবন সংশয়াময়
গ তাহার জীবন সংশয়াপূর্ণ ঘ তাহার জীবন সংশয়ভরা — গ

**৬৭. সঠিক বাক্য কোনটি?** [জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, অফিস সহায়ক-'২৩]
ক প্রশিক্ষক প্রশিক্ষণার্থীদের কাজ শেখান
খ প্রশিক্ষক সকল প্রশিক্ষণার্থীদের কাজ শেখান
গ প্রশিক্ষক সকল প্রশিক্ষণার্থীদেরকে কাজ শেখান
ঘ প্রশিক্ষক প্রশিক্ষণার্থীদের শেখান — ক

৬৮. **কোন বাক্যটি শুদ্ধ?** [স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (LGED), হিসাব সহকারী-'২৩]
ⓚ দরিদ্রতা আমাদের প্রধান সমস্যা।
ⓚ তোমার গোপন কথা শোনা আমার পক্ষে সম্ভব না।
ⓖ সলজ্জিত হাসি হেসে মেয়েটি উত্তর দিল।
ⓖ সর্ব বিষয়ে বাহুল্যতা বর্জন করা উচিত। ক

৬৯. **নিচের কোন বাক্যটি অশুদ্ধ?** [পূবালী ব্যাংক লি. প্রবেশনারি অফিসার-'২৩]
ⓚ ক্ষমা একটি মহৎ গুণ ⓚ বিপদগ্রস্থকে সাহায্য করো
ⓖ তুমি নির্দোষ নও ⓖ মাছগুলোর দাম কত? খ

৭০. **কোনটি নির্ভুল বাক্য?** [ত.গ.অ. বা.টে. (উপ-সহকারী প্রকৌশলী/ স্টুডিও যন্ত্রবিদ)'২৩]
ⓚ আদ্যাবধি তার শারিরীক অবস্থার উন্নতি হয়নি
ⓚ আদ্যবধি তার শারিরিক অবস্থার উন্নতি হয়নি
ⓖ অদ্যবধি তার শারিরিক অবস্থার উন্নতি হয়নি
ⓖ অদ্যাবধি তার শারীরিক অবস্থার উন্নতি হয়নি ঘ

৭১. **কোনটি সঠিক বাক্য?** [বাংলাদেশ রেলওয়ে (বুকিং সহকারী) -২০২৪]
ⓚ আপনি সপরিবার আমন্ত্রিত
ⓚ আপনি স্বপরিবার আমন্ত্রিত
ⓖ আপনি স্বপরিবারে আমন্ত্রিত
ⓖ আপনি সপরিবারে আমন্ত্রিত ঘ

৭২. **কোনটি শুদ্ধ বাক্য নয়?** [বা.স্থ.ক (ওয়ারহাউজ সুপারিনটেনডেন্ট ও ক্যাশিয়ার)'২২]
ⓚ ইহার আবশ্যকতা নাই
ⓚ সমৃদ্ধশালী বাংলাদেশ আমাদের একান্ত কাম্য
ⓖ আপনি সপরিবারে আমন্ত্রিত
ⓖ সমুদয় পক্ষীই নীড় বাঁধে খ

৭৩. **নিচের কোন বাক্যটি শুদ্ধ?** [প.অ. (অফিস সহায়ক)'২৩]
ⓚ অনুষ্ঠান চলাকালীন সময় বৃষ্টি শুরু হয়
ⓚ তার সকল চেষ্টা ব্যর্থ হয়েছে
ⓖ বাংলাদেশ সবচেয়ে শ্রেষ্ঠতম শিল্পী
ⓖ কোনোটিই নয় খ

৭৪. **Allocation শব্দের বাংলা পরিভাষা-** [বা.স্থ.ক (ওয়ারহাউজ সুপারিনটেনডেন্ট ও ক্যাশিয়ার)'২২]
ⓚ বরাদ্দ ⓚ বরাদ্দকারী ⓖ মঞ্জুর ⓖ অনুদান ক

৭৫. **'Amendment' শব্দটির অর্থ-** [মা.উ.কি.অ. (হিসাব সহকারী)'২৩]
ⓚ সংশোধনী ⓚ পরিবর্তন
ⓖ শারীরবিদ্যা ⓖ অঙ্গ-সঞ্চালন ক

৭৬. **Calligraphy কী?** [প.ম. (সহকারী পরিচালক)'২৩]
ⓚ হস্তলিপি বিদ্যা ⓚ কালি-কলমে আঁকা ছবি
ⓖ রেখাচিত্র ⓖ গ্রাফিক্স চিত্র ক

৭৭. **'Consul' এর বাংলা পরিভাষা কোনটি?** [প.প.অ. (পরিবার কল্যাণ পরিদর্শিকা)'২৩]
ⓚ পরামর্শক ⓚ বাণিজ্যদূত
ⓖ সুপারিশকারী ⓖ উপদেষ্টা খ

৭৮. **'Co-Opted' এর পরিভাষা কোনটি?** [বা.প.উ.বো. (উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা)'২২]
ⓚ সহযোজিত ⓚ যোজিত
ⓖ সংযোজিত ⓖ সংযুক্ত ক

৭৯. **'Custom' শব্দের পরিভাষা কোনটি যথার্থ?** [বা.প.বি.বো. (সহকারী সচিব /সহকারী পরিচালক)'২৩, ৩৭তম বিসিএস]
ⓚ আইন ⓚ প্রথা
ⓖ শুল্ক ⓖ রাজস্বনীতি খ

৮০. **নিচের কোন বানানটি সঠিক?** [ম.ঘি.নি.কা. (জুনিয়র অডিটর)'২২]
ⓚ পরিস্কার ⓚ পরিষ্কার
ⓖ পরিশকার ⓖ পরিঃস্কার ক

৮১. **নিম্নের কোন বানানটি শুদ্ধ?** [বা.প.উ.বো. (উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা)'২২]
ⓚ কল্যানীয়েসু ⓚ কল্যাণীয়েষু
ⓖ কল্যানীয়েষু ⓖ কল্যাণিয়েসু খ

৮২. **কোনটি শুদ্ধ?** [ব.অ. (জুনিয়র ওয়াইল্ড লাইফ স্কাউট)'২২]
ⓚ কিংকর্তব্যবিমূঢ় ⓚ মুমুর্ষু
ⓖ মুহুর্ত ⓖ সমিচীন ক

৮৩. **নিচের কোন বানানটি শুদ্ধ?** [রাজউক (ইমারত পরিদর্শক)'২২]
ⓚ অশরীরি ⓚ অশরিরী
ⓖ অশরিরি ⓖ অশরীরী ঘ

৮৪. **কোনটি শুদ্ধ বানান?** [ক.অ.জে. (সিনিয়র অ্যাকাউন্টস ক্লার্ক)'২২; প্রা.বি. (প্রধান শিক্ষক)'০৯]
ⓚ সর্বাঙ্গীণ ⓚ সর্ব্বাঙ্গীন ⓖ সর্বাঙ্গীন ⓖ সর্বাঙ্গিণ ক

৮৫. **কোন বানানটি শুদ্ধ?** [বা.নি.ক (অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক)'২৩; ফা.সা. গি.ডি.অ. (স্টেশন অফিসার)'২২]
ⓚ প্রণয়ণ ⓚ প্রনয়ন ⓖ প্রনয়ণ ⓖ প্রণয়ন ঘ

৮৬. **শুদ্ধ বাক্য নয় কোনটি?** [৪২তম বিসিএস (বিশেষ)]
ⓚ বিদ্বান হলেও তার কোনো অহংকার নেই।
ⓚ ইশ! যদি পাখির মত পাখা পেতাম।
ⓖ অকারণে ঋণ করিও না।
ⓖ হয়তো সোহমা আসতে পারে। গ

[বি.দ্র.- অপশন 'গ' এর শুদ্ধ বাক্য হবে– অকারণে ঋণ করো না।]

৮৭. **Edition শব্দের অর্থ-** [১৭তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০২২]
ⓚ সংস্করণ ⓚ সম্পাদক
ⓖ সম্পাদকীয় ⓖ অনুসন্ধান ক

৮৮. **'Epicurism' এর যথার্থ পরিভাষা-** [১৫তম প্রভাষক নিবন্ধন-২০১৯]
ⓚ নিয়তিবাদ ⓚ অস্তিত্ববাদ
ⓖ ভোগবাদ ⓖ পরিবেশবাদ গ

৮৯. **কোন বানানটি শুদ্ধ?** [১৪তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১৭]
ⓚ ডাষ্টবিন ⓚ দারিদ্রতা ⓖ দূষণীয় ⓖ নুপুর গ

৯০. **কোন বানানটি শুদ্ধ?** [৪৪ তম বিসিএস, নর্দান ইলেক্ট্রিসিটি সহকারী শিক্ষক পদের পরীক্ষা'২৪]
ⓚ মুমুর্ষু ⓚ মুমূর্ষু ⓖ মূমূর্ষু ⓖ মূমুর্ষ খ

৯১. **শুদ্ধ বানান কোনটি?** [১৩তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১৬]
ⓚ নিরাপরাধী ⓚ দারিদ্র্যতা ⓖ স্বার্থকতা ⓖ প্রাণিকুল ঘ

৯২. **কোন বানানটি শুদ্ধ?** [১২তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১৫]
ⓚ শিরোচ্ছেদ ⓚ শিরশ্চেদ ⓖ শিরশ্ছেদ ⓖ শীরোশ্ছেদ গ

৯৩. **'Justification for' এর সঠিক অনুবাদ কোনটি?** [১২তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা'১৫]
ⓚ সমর্থন ⓚ বিচার ⓖ মন্তব্য ⓖ তর্ক ক

৯৪. **কোন বানানটি শুদ্ধ?** [১৮তম বিসিএস, বস্ত্র অধিদপ্তরের অফিস সহায়ক পরীক্ষা'২৪]
ⓚ সমিচীন ⓚ সমীচিন ⓖ সমিচিন ⓖ সমীচীন ঘ

৯৫. **'Invoice' এর বাংলা পারিভাষিক রূপ কোনটি?** [১৭তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল পর্যায়)-২০২২]
ⓚ চালান ⓚ পণ্যাগার
ⓖ শুল্ক ⓖ বিনিয়োগ ক

৯৬. **Ad-hoc এর অর্থ কী?** [১৭তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল-২)'২২]
ⓚ তদর্থক ⓚ অস্থায়ী
ⓖ শপথপত্র ⓖ ক ও খ উভয়ই ঘ

৯৭. ‘Call it a day’ এর যথার্থ অনুবাদ কোনটি? [১৬তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)-২০১৯]
ক পুনরায় শুরু করা খ খুবই গুরুত্বপূর্ণ কাজ
গ কাউকে ডেকে আনা ঘ একটি স্মরণীয় দিন ক

৯৮. Phoneme শব্দের অর্থ-[১৫তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)'১৯]
ক শব্দমূল খ নাম প্রকৃতি
গ রূপ ঘ ধ্বনিমূল ঘ

৯৯. Apenthesis এর অর্থ-[১৫তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)'১৯]
ক স্বরসঙ্গতি খ স্বরাগম
গ অভিশ্রুতি ঘ অপিনিহিতি ঘ

১০০. ‘The fire is out’- বাক্যটির অনুবাদ কী? [১৪তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)-২০১৭]
ক আগুন বাইরে খ বাইরে আগুন
গ আগুন ছড়িয়ে পড়েছে ঘ আগুন নিভে গেছে গ

১০১. কোন বানানটি শুদ্ধ?[১৩তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)-২০১৬]
ক বিভিষিকা খ বিভীষিকা
গ বিভিষীকা ঘ বিভীষীকা খ

১০২. ‘Autonomous’ শব্দের অর্থ-[১৩তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)১৬]
ক স্বাক্ষর খ স্বায়ত্তশাসিত
গ সত্যায়িত ঘ সংশোধিত খ

১০৩. কোনটি শুদ্ধ বানান? [১৩তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল-২)-২০১৬]
ক তিতিক্ষা খ তীতীক্ষা
গ তীতিক্ষা ঘ তিতীক্ষা ক

১০৪. অনুবাদের পারদর্শিতা কীসের ওপর নির্ভরশীল? [১৩তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল-২)-২০১৬]
ক পড়াশোনার ওপর খ ভাষান্তরের ওপর
গ নির্ধারণের ওপর ঘ অভ্যাসের ওপর ঘ

১০৫. নিচের কোন বানানটি শুদ্ধ?
ক অত্যাধিক খ অদ্যাপি
গ আদ্যাক্ষর ঘ আবিষ্কার খ ,গ

১০৬. He is out of luck এর অর্থ কি? [১৩তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল-২)'১৬]
ক সে ভাগ্য হারিয়েছে খ সে ভাগ্যেহারা
গ তার পোড়া কপাল ঘ সে ভাগ্যের বাইরে গ

১০৭. ‘For good’ এর সঠিক অর্থ কোনটি? [বিটিআরসি-এর উপসহকারী পরিচালক (কারিগরি)- ২০২১১২তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল/সমপর্যায়-২)-২০১৪]
ক ভালো হওয়া খ গড়িমসি
গ ক্ষণতরে ঘ চিরতরে ঘ

১০৮. অনুবাদ কোনটির সহায়ক? [১২তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল/সমপর্যায়-২)'১৪]
ক ভাষার উন্নতি খ জ্ঞান চর্চার
গ ভাষার শৃঙ্খলার ঘ কাব্য রচনার খ

১০৯. ‘Superstitions’ শব্দের অর্থ- [১১তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)১৪]
ক যাদুবিদ্যা খ সেতুবন্ধন
গ কুসংস্কারাচ্ছন্ন ঘ উপাসনা গ

১১০. Blue print এর পারিভাষিক শব্দ কোনটি? [১১তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)-২০১৪]
ক চলচ্চিত্র খ জীবনবৃত্তান্ত
গ প্রতিচিত্র ঘ পটভূমি গ

১১১. অনুবাদের অর্থ কী? [১০ম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)-২০১৪]
ক অনুসরণ খ ভাবান্তর
গ ভাষান্তরকরণ ঘ সমার্থকরণ গ

১১২. কোনটি পারিভাষিক শব্দ? [১০ম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)-২০১৪]
ক কলেজ খ নথি
গ রেডিও ঘ অক্সিজেন খ

১১৩. নিচের কোনটি পারিভাষিক শব্দ? [৯ম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)১৩]
ক মসজিদ খ কাগজ-পত্র
গ দর-দালান ঘ সমীকরণ ঘ

১১৪. কোন শব্দটি শুদ্ধ বানানে লেখা হয়েছে? [মা.উ.কি.(অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক)'২২]
ক শূণ্য খ ত্রিভুজ
গ পুন্য ঘ ভুবন খ

১১৫. ‘Hand out’- এর শুদ্ধ বাংলা পরিভাষা হচ্ছে- [ ৩৯তম বিসিএস; বেপজা (BEPZA)-এর সহকারী ব্যবস্থাপক পদে নিয়োগ পরীক্ষা- ২০২১; বা.প.উ.বো. (উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা)'২২]
ক হস্তপত্র খ জ্ঞাপনপত্র
গ তথ্যপত্র ঘ প্রচারপত্র খ

১১৬. নিচের কোনটি পারিভাষিক শব্দ? [যু.উ.অ. (সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা)'২২]
ক মসজিদ খ হাসপাতাল
গ সাময়িকী ঘ হরতন খ

১১৭. ‘Keeper’ শব্দের বাংলা পরিভাষা- [বা.স্থ.ক (ওয়ারহাউজ সুপারিনটেনডেন্ট ও ক্যাশিয়ার)'২২]
ক গ্রাহক খ চালক
গ রক্ষক ঘ বাহক গ

১১৮. ‘Null and Void’- এর বাংলা পরিভাষা কোনটি? [৩৮তম বিসিএস; বা. নি.ক (অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক)'২৩]
ক বাতিল খ পালাবদল
গ মামুলি ঘ নিরপেক্ষ ক

১১৯. ‘Quarterly’ শব্দের অর্থ কী? [৩২তম বিসিএস; বি.ম. (অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক)]
ক সাপ্তাহিক খ পাক্ষিক
গ ষান্মাসিক ঘ ত্রৈমাসিক ঘ

১২০. ‘Quack’ এর পরিভাষা কোনটি? [রাজউক (ইমারত পরিদর্শক)'২২]
ক ভূমিকম্প খ ফাটল
গ হাতুড়ে ঘ দাপুটে গ

১২১. ‘Surgeon’- এর পরিভাষা-[পিএসসি (সিনিয়র স্টাফ নার্স)'২৩]
ক অস্থি চিকিৎসক খ শল্য চিকিৎসক
গ দন্ত চিকিৎসক ঘ সার্জেন্ট খ

১২২. নিচের কোন বাক্যটি শুদ্ধ? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (২য় পর্যায়)'২২]
ক তিনি সস্ত্রীক শহরে থাকেন।
খ তিনি ও স্ত্রী শহরে থাকেন।
গ তিনি স্ব-স্ত্রীসহ শহরে থাকেন।
ঘ তিনি স্বস্ত্রীক শহরে থাকেন। ক

১২৩. কোন বানানটি শুদ্ধ? [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (২য় পর্যায়)'২২]
ক বিকেন্দ্রীকরণ খ বিকেন্দ্রিকরণ
গ বীকেন্দ্রিকরণ ঘ বীকেন্দ্রীকরণ ক

১২৪. কোনটি শুদ্ধ বানান? [প্রাথমিক সহকারী শিক্ষক : ২২]
ক আদ্যোক্ষর খ আদ্যাক্ষর
গ আদ্যক্ষর ঘ আদ্যাখর খ

১২৫. 'Subconscious' শব্দটির বাংলা পারিভাষিক শব্দ হলো– [৩২তম বিসিএস; প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক পদে নিয়োগ পরীক্ষা: ২০১৮; EBEK-জেলা সমন্বয়কারী'১৭]
ক অর্ধচেতন খ অবচেতন
গ চেতনাহীন ঘ চেতনাপ্রবাহ খ

১২৬. 'Anatomy' শব্দের অর্থ– [৩০তম বিসিএস]
ক সাদৃশ্য খ স্নায়ুতন্ত্র
গ শারীরবিদ্যা ঘ অঙ্গ-সঞ্চালন গ

১২৭. কোন বানানটি শুদ্ধ? [প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক (দাজলা) : ১৩]
ক একান্নবর্তি খ একান্নবর্ত্তি গ একান্নবর্তী ঘ একান্নবর্ত্তী গ

১২৮. কোন বানানটি শুদ্ধ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (খুলনা) : ০৬]
ক কুজ্ঝটিকা খ কুজ্জটিকা
গ কুজ্ঝ্টিকা ঘ কুজ্ঝটীকা ক

১২৯. কোন বানানটি শুদ্ধ? [প্রাক-প্রাথমিক সরকারী শিক্ষক (শীতলক্ষা) : ১৩]
ক তেজস্ক্রীয়তা খ তেজষ্ক্রিয়তা
গ তেজস্ক্রিয়তা ঘ তেজোস্ক্রিয়তা গ

১৩০. কোনটি শুদ্ধ বানান? [প্রাথমিক সহকারী শিক্ষক : ১৯]
ক দুরিভুত খ দূরিভূত
গ দূরীভুত ঘ দূরীভূত ঘ

১৩১. কোনটি শুদ্ধ বানান? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক (তিস্তা) : ১০]
ক প্রতিদ্বন্দী খ পতিদনিদ্ব
গ প্রতিদ্বন্দ্বী ঘ প্রতিদন্দী গ

১৩২. কোনটি শুদ্ধ বানান? [প্রাথমিক বিদ্যালয় সঘ শিশক্ষক (কপোতাক্ষ): ১০]
ক ভবিষ্যৎবাণী খ ভবিষ্যদ্বাণী
গ ভবিষ্যৎবানী ঘ ভবিষ্যতবাণী খ

১৩৩. 'কর্তৃপক্ষ তাকে তিরস্কার করলো'-সঠিক ইংরেজি কী? [প্রাথমিক সহকারী শিক্ষক'১৯]
ক The authority took him to task
খ The authority criticised him
গ The authority took him to book
ঘ The authority gave reins to him ক

১৩৪. কোন বানানটি শুদ্ধ? [প্রাথমিক সহকারী শিক্ষক : ১৯]
ক জঞ্ঝাট খ জঞ্ঝাঠ
গ ঝঞ্ঝাট ঘ ঝঞ্জাট গ

১৩৫. কোনটি সঠিক বানান? [প্রাথমিক সহকারী শিক্ষক : ১৯]
ক স্বতস্ফুর্ত খ স্বতঃস্ফূর্ত
গ স্বতঃস্ফুর্ত ঘ স্বতস্ফূর্ত খ

১৩৬. কোনটি সঠিক বানান? [প্রাথমিক সহকারী শিক্ষক : ১৯]
ক উজ্জ্ল্য খ ঔজ্জ্বল্য
গ উজ্জ্বল্য ঘ ওজ্জ্বল্য খ

১৩৭. শুদ্ধ বানান কোনটি? [প্রাথমিক সহকারী শিক্ষক : ১৯]
ক গৃহস্ত খ গ্রীহস্ত
গ গৃহস্থ ঘ গ্রীহস্ত গ

১৩৮. কোন বাক্যটি শুদ্ধ? [প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ৯৯]
ক আমি সাক্ষী দিয়েছি খ সদাসর্বদা তোমার উপস্থিত প্রার্থনীয়
গ আর এখন সঙ্কট অবস্থা ঘ নীরোগ লোক যথার্থ সুখী ঘ

১৩৯. নিচের কোন বাক্যটি সঠিক? [প্রাথমিক সহকারী শিক্ষক : ১৯]
ক আমার কথাই প্রমাণ হলো
খ আমার কথাই প্রমাণ হলো
গ আমার কথাই প্রমানীত হলো
ঘ আমার কথাই প্রমাণিত হলো ঘ

১৪০. কোনটি শুদ্ধ বাক্য? [প্রাথমিক সহকারী শিক্ষক : ১৯]
ক তাহার সৌজন্যতায় আমি সুযোগটি পেয়েছি
খ তার সৌজন্যে আমি সুযোগটি পেয়েছি
গ তাহার সৌজন্যে আমি সুযোগটি পেয়েছি
ঘ তার সৌজন্যতায় আমি সুযোগটি পেয়েছি খ

১৪১. 'After meat comes mustered' এর ঠিক অর্থ- [ঢাবি (খ- ইউনিট)'১৫-১৬]
ক সুখের পর দুঃখ আসে খ কষ্টে কেষ্ট মেলে
গ নুন আনতে পান্তা ফুরায় ঘ যত গর্জে তত বর্ষে না গ

১৪২. 'He is hard nut to crack' –বাক্যটির সঠিক বাংলা অনুবাদ– [ঢাবি (খ- ইউনিট) : ২০১৪-১৫]
ক তিনি হলেন শক্ত বাদাম যা ভাঙা যায় না
খ তিনি ভেঙে পড়ার লোক নন
গ তিনি কঠিন লোক
ঘ তিনি ভাঙবেন তবু মচকাবেন না ঘ

১৪৩. 'To count one's chickens before they are hatched' এর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ অনুবাদ নয় কোনটি? [জবি (খ- ইউনিট) : ২০১৫-১৬]
ক ঘোড়ার আগে গাড়ি জোতা
খ গাছে কাঁঠাল গোঁফে তেল
গ কালনেমির লঙ্কা ভাগ
ঘ গাছে না উঠতেই এক কাঁদি খ

১৪৪. She burst into tears-বাক্যটির যথাযথ বঙ্গানুবাদ- [পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার : ২০১৪]
ক সে অশ্রু বর্ষণ করল খ সে কাঁদতে শুরু করল
গ সে কান্নায় ভেঙে পড়ল ঘ সে কাঁদল গ

১৪৫. 'Breaking a butterfly on the wheel'- ইংরেজি ভাষার এ প্রবাদের অনুরূপ বাংলা প্রবাদ– [জনতা ব্যাংক লি. অ্যাসিসট্যান্ট এক্সিকিউটিভ অফিসার (টেলার) : '১৫]
ক মশা মারতে কামান দাগা
খ পিপীলিকার পাখা উঠে মরিবার তরে
গ বিনা মেঘে বজ্রপাত ঘ ঝোপ বুঝে কোপ ক

১৪৬. কোন বানানটি শুদ্ধ? [জবি (ঘ- ইউনিট) : ২০১৫-১৬]
ক কিনাংক খ কিণাঙ্ক
গ কিনাঙ্ক ঘ কিণাংক খ

১৪৭. "ছোট কিন্তু রসে ভরা।" –বাক্যটিকে সরল বাক্যে রূপান্তরিত করলে হবে– [ঢাবি (খ- ইউনিট): ২০১৪-১৫]
ক যদিও ছোট, তবু রসে ভরা
খ রসে ভরা ছোট চিঠি
গ ছোট ও রসে ভরা ঘ ছোট হলেও রসে ভরা ঘ

১৪৮. 'লোকটি দরিদ্র হলেও সৎ'-বাক্যটির যৌগিক রূপ কী? [জবি (খ- ইউনিট)'১৬-১৭]
ক লোকটি দরিদ্র এবং সৎ খ লোকটি দরিদ্র কিন্তু সৎ
গ লোকটি যদিও দরিদ্র তবুও সৎ
ঘ যদিও লোকটি দরিদ্র বটে তথাপি সৎ খ

১৪৯. যখন তোমার হাতে টাকা হবে, তখন আমাকে দিও, কোন ধরনের বাক্য? [বিভিন্ন মন্ত্রণালয়ের সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার: ২০১৭]
ক সরল খ জটিল
গ যৌগিক ঘ মিশ্র খ

১৫০. 'আমি এসেছি, কারণ তোমাকে নিয়ে যাব' বাক্যটি কোন ধরনের বাক্য? [বিভিন্ন মন্ত্রণালয়ের উপ-সহকারী প্রকৌশলী (সিভিল): ২০১৭]
ক সরল বাক্য খ যৌগিক বাক্য
গ জটিল বাক্য ঘ নির্দেশাত্মক বাক্য গ

১৫১. "হযরত মুহাম্মদ (স) ছিলেন একজন আদর্শ মানব।" বাক্যটি নিম্নোক্ত একটি শ্রেণির- [১৭তম বিসিএস]
ক মিশ্র খ জটিল
গ যৌগিক ঘ সরল ঘ

১৫২. **"তুমি আসবে বলে, আমি অপেক্ষা করছি।" কোন ধরনের বাক্য?** [জরিপ অধিদপ্তরের সহকারী সুপারিনটেনডেন্ট -১৮; প্রবাসী কল্যাণ ব্যাংক লি. অফিসার (ক্যাশ): ১৪]
ক সরল বাক্য খ জটিল বাক্য
গ যৌগিক বাক্য ঘ যোগরূঢ় **খ**

১৫৩. **'সুশিক্ষিত লোক মানেই স্বশিক্ষিত'- এটি কোন ধরনের বাক্য?** [সমাজসেবা অধিদপ্তরের শহর সমাজসেবা অফিসার (হাসপাতাল) : ২০০৭]
ক সরল খ জটিল গ যৌগিক ঘ মিশ্র **ক**

১৫৪. **জটিল বাক্যের অন্তর্গত প্রত্যেক খণ্ডবাক্যের পর বসে–** [পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অ্যাসিসটেন্ট ম্যানেজার : ২০১৪]
ক দাঁড়ি খ কোলন গ সেমিকোলন ঘ কমা **ঘ**

১৫৫. **'Lexicography' শব্দের পারিভাষিক অর্থ কী?** [জবি (ঘ- ইউনিট) : ২০১৫-১৬]
ক শব্দ তত্ত্ব খ অর্থ তত্ত্ব
গ অভিধান তত্ত্ব ঘ রূপ তত্ত্ব **গ**

১৫৬. **'Exempt' অর্থ কী?** [খাদ্য অধিদপ্তরের সহকারী উপ খাদ্য পরিদর্শক- '০১]
ক রেহাই দেওয়া খ ছাড়িয়া দেওয়া
গ বাহির করা ঘ উপরে তোলা **ক**

১৫৭. **'Hypothetical' এর পারিভাষিক শব্দ কোনটি?** [ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (ইউনিট খ)'০৫-০৬; আনসার ও ভিডিপি অধিদপ্তরের সার্কেল অ্যাডজুট্যান্ট'০২]
ক অপ্রকল্পিত খ গুছানো
গ প্রকল্পিত ঘ সাজানো **গ**

১৫৮. **Amicus Curiae অর্থ?** [টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের সহকারী পরিচালক (আইন) '১৩]
ক আদালতের বন্ধু খ আদালতের পরামর্শদাতা
গ আদালতের পণ্ডিতবর্গ ঘ আইন পণ্ডিত **ক**

১৫৯. **'Aboriginal' এর পরিভাষা কোনটি?** [শ্রম মন্ত্রণালয়ের অধীনে সহকারী পরিচালক'২১]
ক কৃত্রিম খ অমৌলিক
গ আদিবাসী ঘ আদি মানব **গ**

১৬০. **'Eradication' শব্দের সঠিক অর্থ কোনটি?** [দুর্নীতি দমন কমিশনে উপসহকারী পরিচালক : ২০১০]
ক নির্ভুল খ জায়গাবহুল
গ সরস ঘ উচ্ছেদ **ঘ**

১৬১. **'Penny wise, pound foolish,'-কথাটির গ্রহণযোগ্য বাংলা অনুবাদ-** [City Bank Ltd. (MTO)'19; BHBFC Officer : 17/ BKB অফিসার (ক্যাশ)'১৭]
ক হাবে চালাক ভাবে বোকা খ বজ্র আঁটুনি ফস্কা গেরো
গ ফেল কড়ি মাখ তেল ঘ টাকার গরম **খ**

১৬২. **"চকচক করলেই সোনা হয় না।" সঠিক ইংরেজি অনুবাদ নিচের কোনটি?** [উপ-খাদ্য পরিদর্শক- '১৫]
ক All that glitters is not gold
খ Shining does not make a metal gold
গ Glittering is not alone for gold
ঘ All that is Glittering is not being gold **ক**

১৬৩. **দুটি বাক্যের মধ্যে অর্থের সম্বন্ধ থাকলে কোন বিরাম চিহ্ন বসে?** [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (২য় পর্যায়)–২০২৪]
ক কোলন খ হাইফেন
গ কমা ঘ সেমিকোলন **ঘ**

১৬৪. **জটিল বাক্যের অন্তর্গত প্রত্যেক খণ্ড বাক্যের পর বসে-** [প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা (৩য় পর্যায়)–২০২৪]
ক কোলন খ কমা
গ দাঁড়ি ঘ সেমিকোলন **খ**

১৬৫. **বাক্যে কোন যতি চিহ্নটি থাকলে থামার প্রয়োজন নেই?** [যু.উ.অ. (সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা)'২২]
ক কোলন খ সেমিকোলন
গ হাইফেন ঘ ড্যাস **গ**

১৬৬. **বাক্যে হৃদয়াবেগ প্রকাশে কোন চিহ্ন বসে?** [পররাষ্ট্র মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা)'২২]
ক হাইফেন খ কমা
গ প্রশ্নচিহ্ন ঘ বিস্ময় বোধক চিহ্ন **ঘ**

১৬৭. **বাক্যে সম্বোধনের পর কোন চিহ্ন বসে?** [কি.নি.প্র.প. (শিক্ষক) (স্কুল)'২২]
ক কমা খ কোলন গ হাইফেন ঘ ড্যাস **ক**

১৬৮. **বিরাম চিহ্ন কেন ব্যবহৃত হয়?** [১৭তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল-২'২২]
ক বাক্য সংকোচনের জন্য খ বাক্যের অর্থ স্পষ্ট করার জন্য
গ বাক্যের সৌন্দর্যের জন্য ঘ বাক্য অলংকৃত করার জন্য **খ**

১৬৯. **তারিখ লিখতে কোন যতি চিহ্নের ব্যবহার হয়?** [১০ম বেসরকারী শিক্ষক নিবন্ধন'১৪]
ক সেমিকোলন খ কমা
গ দাঁড়ি ঘ কোলন **খ**

১৭০. **বাক্যে দাঁড়ি ( । ) থাকলে কতক্ষণ থামতে হয়?** [১২তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা'১৫]
ক এক (১) সেকেন্ড বিরতির প্রয়োজন
খ এক (১) বলতে যে সময় লাগে
গ এক (১) বলার দ্বিগুণ সময়
ঘ দুই (২) সেকেন্ড **ক**

১৭১. **উদ্ধৃতি চিহ্ন কোথায় বসে?** [১১তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা-২০১৪]
ক বাক্যের শেষে খ শ্লেষাত্মক বাক্যের মাঝে
গ সংলাপে ঘ প্রশ্নবোধক বাক্যে **গ**

১৭২. **উদ্ধরণ চিহ্নের পূর্বে (খণ্ডবাক্যের শেষে) বসাতে হবে-** [১৫তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)-২০১৯]
ক কমা খ কোলন
গ কোলন ড্যাস ঘ হাইফেন **ক**

১৭৩. **বাড়ি বা রাস্তার নম্বরের পরে কোন চিহ্ন বসে?** [১৪তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল-২)-২০১৭]
ক দাঁড়ি খ কোলন
গ কমা ঘ সেমিকোলন **গ**

১৭৪. **বাংলা ভাষায় যতি চিহ্নের প্রচলন করেন কে?** [১৩তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল সমমান)-২০১৬]
ক রবীন্দ্রনাথ ঠাকুর খ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
গ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঘ প্যারীচাঁদ মিত্র **গ**

১৭৫. **বিস্ময় চিহ্নের বিরতিকাল কতটুকু?** [১৩তম শিক্ষক নিবন্ধন সহকারী শিক্ষক (স্কুল-২)'১৬]
ক একবলার দ্বিগুণ সময় খ এক সেকেন্ড
গ থামার প্রয়োজন নেই ঘ এক বলতে যে সময় প্রয়োজন **খ**

১৭৬. **বিরাম চিহ্ন ব্যবহৃত হয় না-** [৭ম বেসরকারী প্রভাষক নিবন্ধন : ১১]
ক বাক্যের অর্থ সহজভাবে বোঝাতে
খ শ্বাস বিরতির জায়গা দেখাতে
গ বাক্যকে অলংকৃত করতে
ঘ বক্তার মেজাজ স্পষ্ট করতে **ঘ**

১৭৭. **'কমা' কোথায় বসে?** [১২তম বেসরকারী শিক্ষক নিবন্ধন : ১৫]
ক বাক্যের মাঝে কোনো পদ ব্যাখ্যা করার জন্য
খ কোনো অপূর্ণ বাক্যের পরে
গ সম্বোধন পদের পরে
ঘ প্রশ্ন বোঝানোর জন্য **গ**

১৭৮. **সমজাতীয় একাধিক পদ পরপর থাকলে কোন বিরাম চিহ্ন বসে?** [প্রাথমিক সহকারী শিক্ষক : ১৯]
ক কোলন খ সেমিকোলন
গ কমা ঘ বিন্দু **গ**

১৭৯. **শব্দের সংক্ষিপ্ত ব্যবহারের ক্ষেত্রে কোন বিরামচিহ্ন বসে?** [প্রাথমিক সহকারী শিক্ষক : ১৯]
ক সেমিকোলন খ বিন্দু
গ কমা ঘ কোলন **খ**




**১. নিচের কোন শব্দগুচ্ছ শুদ্ধ?**
ক উৎকর্ষতা, আত্মসাৎ, আদ্র
খ অভ্যন্তরীণ, আয়ত্বধীন, অতীন্দ্রিয়
গ কৌতূহল, কৃচ্ছ্রসাধন, ক্বচিৎ
ঘ অনুসঙ্গ, অঙ্গীভুত, অলঙ্ঘনীয়

**২. নিচের কোন বানানটি শুদ্ধ?**
ক নিশীথিনি
খ নিশীথীনি
গ নিশীথিনী
ঘ নিশিথীনী

**৩. 'বিদ্যান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর'- বাক্যটির শুদ্ধরূপ কোনটি?**
ক বিদ্যান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠ
খ বিদ্বান মূর্খ অপেক্ষা শ্রেষ্ঠ
গ বিদ্বান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠতর
ঘ বিদ্বান মুর্খ অপেক্ষা শ্রেষ্ঠ

**৪. বাড়ি বা রাস্তার নম্বরের পরে কোন চিহ্ন বসে?**
ক দাঁড়ি
খ কোলন
গ কমা
ঘ সেমিকোলন

**৫. বাক্যে এক পদের পর অন্য পদ শোনার ইচ্ছাকে কী বলে?**
ক আসত্তি
খ আকাঙ্ক্ষা
গ যোগ্যতা
ঘ আসক্তি

**৬. 'লোকটি ধনী কিন্তু কৃপণ'- কোন ধরনের বাক্য?**
ক জটিল
খ যৌগিক
গ সরল
ঘ মিশ্র

**৭. 'Memorandum' এর পরিভাষা কী?**
ক পরীক্ষাগার
খ গণসংযোগ
গ স্মারকলিপি
ঘ অবতরণ

**৮. 'Book Post' এর পারিভাষিক রূপ কোনটি?**
ক ডাকঘর
খ খোলাডাক
গ উপবিধি
ঘ লেখস্বত্ব

**৯. Early rising is beneficial to health এর সঠিক অনুবাদ কোনটি?**
ক যারা সকালে ওঠে তাদের স্বাস্থ্য ভালো থাকে।
খ সকালে জাগলে চমৎকার স্বাস্থ্য হয়।
গ সকালে ওঠা স্বাস্থ্যবান ও প্রফুল্লতা দেয়।
ঘ সকালে ওঠা স্বাস্থ্যের জন্য ভালো।

**১০. 'It is a long story' এর সঠিক বাংলা অনুবাদ-**
ক সে এক বিরাট ইতিহাস
খ বড় কাহিনী
গ সে অনেক কথা
ঘ সে অনেক বড় কাহিনী

biddabari
**উত্তরমালা**

| | |
|---|---|
| ১ | গ |
| ২ | গ |
| ৩ | খ |
| ৪ | গ |
| ৫ | খ |
| ৬ | খ |
| ৭ | গ |
| ৮ | খ |
| ৯ | ঘ |
| ১০ | গ |

**এই Lecture Sheet পড়ার পাশাপাশি Biddabari your success benchmark কর্তৃপক্ষ কর্তৃক দেয়া এসাইনমেন্ট এর "বাংলা ভাষা ও সাহিত্য" অংশটুকু ভালোভাবে চর্চা করতে হবে।**

